(कलिकांका शिरक्रं), २४३ कून, २৯४२)

কাঞ্চনজন্তনা-সিরিজের প্রথম গ্রন্থ

অন্ধকারের বন্ধু



👬 দেৰ সাহিত্য কুটীর 🕳

্**ব্ৰ-সাহিত্য-কুটীর** ২২৷৫বি, ঝামাপুকুর লেন, কলিকাভা

পুনমুদ্রি—ভাদ্র, ১৩৪৯

नाय-वार्व व्यावा

প্রিণ্টার—এস্. সি. মজুমদার **দেব-প্রেস** ২৪, ঝামাপুকুর সেন, কলিকাপু

ছোট্ট বন্ধু

শ্রীমান সভ্যেন্দ্রমোহন মুখোপাধ্যায়কে

এই ছোট্ট বইখানি

উপহার

দিলুম

শ্রীহেমেন্দ্রকুমার রায়



.....ছাত বাড়াতেই সতীশবাব্ তাঁর হাতে হাতকড়ি পরিয়ে দিলেন।

প্রথম পরিচেচ্দ

হেমন্ত চৌধুরীকে আমি ছেলেবেলা থেকেই অুসাধারণ মানুষ ব'লে মনে ক'রে আসছি।

পাঠশালা থেকে ইকুলে, ইকুল থেকে কলেজে আমরা ছজনে বরাবরই একসঙ্গে শিশ্বেছি লেখাপড়া। বিশ্ববিভালয়ের সর্বেবাচ্চ থাপ পর্যান্ত ওঠবার পরেও জীবনের যাত্রাপথে আমাদের মধ্যে ছাড়াছাড়ি হয়নি—সাধারণত যা হয়ে থাকে। তার কারণ আমরা হজনেই ছিলুঁম স্থাধীন। শারো নানান দিকেই আমাদের ত্রজনের মধ্যে আশ্চর্যা বিলা দেখা রায়। আমরা ত্রজনেই ধনীর সন্তান এবং ত্রজনেই নৈশ্বে বাপা-মাকে হারিয়েছি। দেহচর্চার দিকে আমাদের ক্রলনেরই একান্ত কোঁক—কুন্তি, যুযুৎস্থ, 'বক্সিং' (সঙ্গে সঙ্গে লাক্টি তরোয়াল খেলা) কিছুই শিখতে বাকি রাখিনি—যদিও প্রতিযোগিতায় বরাবরই হেমন্ত হয়েছে প্রথম এবং আমি হয়েছি শিতীয়। আমরা ত্রজনেই দেশে দেশে বেড়াতে ভালোবাসি বেবং এই যৌবনেই য়ুরোপ-আমেরিকা পর্যান্ত ঘুরে এসেছি। আমরা ত্রজনেই বিবাহ করিনি এবং ঘটকরা বাড়ার চৌকাঠ মাড়ালেই রুসি পাকিয়ে তেড়ে যাই।

কিন্তু আমাদের ত্রজনের দিন ও সময় কাটাবার উপায় একরক্ম নয়। কারণ হেমস্ত করে সখের গোয়েন্দাগিরি, আর আমি করি সখের সাহিত্য-সাধনা।

আমার সাহিত্য-সাধনার কথা নিয়ে এখানে কিছু বলবার দরকার নেই। আমি আজ কলম ধরতে বাধ্য হয়েছি অন্য কারণে।

গোয়েন্দাগিরিতে আজকাল হেমন্ত এমন স্থনাম কিনেছে
যে, আমার মুখ থেকে নানা লোকে তার কাহিনী শোনবার
জ্বন্যে অত্যন্ত আগ্রহ প্রকাশ ক'রে থাকে। এজয়ে হেমন্তেরও
কাছে অনেকে ধর্ণা দিতে ছাড়েন না। কিন্তু একদিক দিয়ে সে
হচ্ছে বেজায় লাজুক—নিজের বাহাত্রির কথা নিজের মুখে
জাহির করতে রাজি হয় না কিছুতেই। তখন সবাই আমাকে

নিরেই টানটিনি করেন এবং আমাকেও নিরূপায় হরে তাঁলের অনুরোধ রক্ষা করতে হয়। কিন্তু বারে বারে নানা জনের কাছে মুখে মুখে হেমন্তের কত গল্ল আর বলব ? তাই এবারে তির করেছি, লোকের আগ্রহ নিবারণের জন্মে হেমন্তের কার্ত্তিকাহিনী ছাপার হরপে প্রকাশ করব একে একে।

আনি স্থক করব একেবারে গোড়া থেকেই। অর্থীৎ হেমন্ত সর্বপ্রথমে যে-মানলার কিনারা ক'রে দেশ-বিদেশে থশসা হয়ে ওঠে, আগে তার কথাই লিপিবদ্ধ ক'রে রাখতে চাই। কিন্তু তারও আগে হেমন্তের আরো কিছু পরিচয় দেওরা দরকার মনে করি।

ম্যাজিকের আমগাত দর্শকদের চোথের সামনে গাঁজিয়ে ওঠে হঠাং। কিন্তু হেমন্ত অকম্মাৎ পূরোদন্তর গোঁয়েনা হথে পড়েনি, এজন্ম তাকে সাধনা করতে হয়েছে দন্তরমত।

ছেলেবেলা থেকেই কাল্পনিক গোয়েন্দা-কাহিনী পড়বার জয়ে তার অতিশয় নোঁক ছিল এবং আজ পগ্যন্ত সে পাঠ করেনি পৃথিবীতে এমন বিখ্যাত গোয়েন্দার গল্প বোধ হয় নেই। কিন্তু এই সব কাল্পনিক এবং প্রায়ই অতি-উদ্ভট কাহিনী প'ড়ে কানদিনই সে বিশেষত হবার চেন্টা করেনি!

সৈ মুরোপে-আমেরিকায় গিয়েছিল প্রধানত এক উদ্দেশ্য নিয়ে! পাশ্চাতা দেশের সত্যিকার গোয়েদার। কোন কোন পেরতি অনুসারে কাজ করে, সে গিয়েছিল হাতে-কলমে তাই শেখবার জন্মেই। এদেশের পুলিস-বিভাগের কয়েকজন উচ্চতম

কর্মচারীর কাছ থেকে সে খানকর স্থপারিস-পত্র জোগাড় ক'রেছিল, তারই সাহায্যে গোয়েন্দা-বিভাগের ভিতর থেবে পাশ্চাত্য-পুলিসদের কাজ দেখবার স্থযোগ তার হয়েছিল।

য়ুরোপের দেশে দেশে গোয়েন্দা-পুলিসদের কার্যাপদ্ধতি আছে নানারকম। তারই মধ্যে সবচেয়ে বিখ্যাত হচেছ ইংরেজ, করাসী, জার্মান ও অষ্ট্রিয়ান পুলিসের পদ্ধতি। হেমন্ত এই চার-রকম পদ্ধতি নিয়েই বিশেষ ভাবে আলোচনা করবার অবসর পেরেছে।

সেকালকার পুলিসরা কাজ করত অনেকটা অন্ধের মত।
বিজ্ঞান ছিল তথন শিশু এবং বিজ্ঞান যেটুকু জানত, পুলিস
স্টেকু সাহায্যও গ্রহণ করা দরকার মনে করত না। বার্টিলনের
মাপ নেবার বা আঙুলের ছাপ নেবার পদ্ধতি তখন আবিষ্কৃত
হয়নি। ক্যামেরা, মাইক্রোসফোপ ও রসায়ন শাস্তের কাছ
থেকেও পুলিসের কিছু লভ্য ছিল না। রক্তের মত কোন
দাগ দেখলেই পুলিস তাকে গ্রহণ করত রক্ত ব'লেই; তা রক্ত
কিনা এবং রক্ত হ'লেও তা মানুষের বা পশুর রক্ত কিনা
কিংবা তা বিশেষ কোন মানুষের রক্ত কিনা, এ-সব জানবার
কোন উপায়ই ছিল না। কিন্তু একালের উন্নত বিজ্ঞান এসে
পুলিসের অন্ধৃতা অনেকটা দূর ক'রে দিয়েছে।

এই বিজ্ঞানের দিক দিয়ে হেমন্ত ছিল যথেই অগ্রসর । সে বিজ্ঞানে সর্বেবাচ্চ সম্মানের সঙ্গে এম্-এ পাস করেছিল । এবং এখনো নিয়মিত ভাবেই বিজ্ঞান-চর্চ্চা করে। গোয়েন্দা- িরিতে বিজ্ঞানকে সে এমন কৌশলে কাজে লাগাতে পাদে বৈষ, দেশবা অবাক হলে সেতে হয়। আজ আমি বে-কাহিনীটি দিশতে বিদেহি, পাঠকলা তার মধ্যেও হেমন্তের বৈজ্ঞানিক ত্যাক্র জির খানিকটা পরিচয় লাভ করবেন।

বাংনাদেশের অপরাধানের নম্বন্ধে নানা তথ্য সংগ্রহের
কান্যে পে এখানকাব পুনিসের বহু ভোম্রা-চোম্রার সচ্চে
ক্রিয় ব নুয়ের সম্পক্ষ স্থাপন করেছে। যদিও কোন দেশেরই
প্রভিদ বাইরের সথের গোষেন্দাদের বিশেষ খাসির চোখে
দেবে না, বরং তাদের মনে কবে অকেন্সো উড়ো আপদের
মত। কিন্তু কলকাতা পুলিসের কোন কোন কন্মচারীর
বাবহার দেখলে বেশ বোঝা যাং, হেমন্তের মতামতের উপরে
ভাদের শ্রহার অভাব নেই।

এর করেকটি কারণও আছে। প্রথমত, ক্ষেম্নত না ভেবেচিন্তে যুক্তিহান কোন কথাই বলে না। দ্বিতীয়ত, তার বক্তব্য
সে অতি বিনীত ভাবে প্রকাশ করে। পুলিসের লোকের সঙ্গে
তাব কথাবাত। শুনলে মনে হয়, গুকর সামনে ছাত্র যেন নিজের
মতামত নিবেদন করছে। কাজেই তার কাছে সাহায্য চাইতে
এলেও পুলিসের অহমিকা বা হামবড়াই ভাব আহত হয় না।

হেমন্ত খালি পুলিসের সঙ্গেই মেণামেশা করে না। এদেশের চোর, গাঁটকাটা, গুণু, খুনী ও দাগী পুরাতন পার্গাদের সঙ্গে ঘনিষ্ঠতা করবার জন্যে তার আগ্রহ এত বেশী যে, মাঝে মাঝে আমার ভয় হয়, কোন্দিন সে হয়তো সাংঘাতিক বিপদে পড়বে! মুসলমানের ছন্মবেশ প'রে প্রায়ই সে মেছোবাজারের ও সহরের অন্যান্ত কু-বিখ্যাত পাড়ার বন্তী এবং কফিখানায় চুকে অনেক রাত পর্য্যন্ত কাটিয়ে দেয়। মাঝে মাঝে আমাকেও সঙ্গে ক'রে নিয়ে যায়। ফলে এমন অনেক বদমাইসের সঙ্গে তার বন্ধুত্ব হয়েছে, যাদের রাস্তায় আনাচে-কানাচে দেখলে ভদ্রলোকদের বুক ভয়ে না কেঁপে পারে না!

আমি যদি বলি, "হেমন্ত, ওদের সঙ্গে মিশতে তোমার গ্লা হয় না ?"

তেমন্ত হেসে বলে, "না ভাই রবীন, মোটেই নয়। ডাক্তাররা ম্বণা-ভরা মন নিয়ে যদনা আর কুর্চ প্রভৃতি কুৎসিত ব্যাধিতে আক্রান্ত রোগীদের কাছে যান না। আমিও হৃতির আর-এক শ্রেণীর ডাক্তারের মত, আর অপরাধীদের মনে করি রোগীদের মত। সাধারণ রোগীদের দেহ হয় ব্যাধিপ্রস্থা, আর এ ব্যাধি আক্রমণ করে অপরাধীর দেহকে নয়, মনকে। চুরি জুয়াচুরি পুন ডাকাতি মানসিক ব্যাধি ছাড়া আর কিছুই নয়। ও-সম্বাধি সম্বন্ধে অভিজ্ঞতা সক্ষয় করতে হ'লে অপরাধীদের সঙ্গে ভাব না করলে চলে না।"

দ্বিতীয় পরিচেছ্দ

সাজাহানের পাঞ্জা

হেমন্তের বাড়ীর একতালায় পাশাপাশি ছখানি হল-ঘর ছিল। তার একখানি হচ্ছে পরীক্ষাগার। সেখানে আছে-একটি সুদীর্ঘ টেবিলের উপরে নানারকম বৈজ্ঞানিক যন্ত্রপাতি এবং দেওয়ালের তাকে তাকে সাজানো হরেকরকম তরল ও চুর্ণ রাসায়নিক পদার্থ-ভরা কাঁচের জার, নিশি ও বোউল।

আর-একখানি ঘর হচ্ছে একসঙ্গে তার বৈঠকখানা ও লাইবেরী। তার চারিদিকের দেওয়াল চেকে দাঁড়িয়ে আছে বড়-ভোট, রোগা-মোটা কেতাবে ভরা আলমারি এবং মাঝখানে ধন্ধবে চাদর-বিছানো নরম বিছানা-ভরা চৌকি, চেয়ার, সোফা, কৌচ ও ছোট ছোট টেবিল প্রভৃতি।

সেদিন বৈঠকখানায় ঢুকে দেখি, কৌচে ব'দে হেমন্ত কোলে পাতা একখানা বইয়ের দিকে এক দৃষ্টিতে তাকিয়ে আছে।

চেয়ারে ব'সে প'ড়ে বললুম, "কি হে ভায়া, অত মন দিয়ে কি বই পড়া হচ্ছে ?" হৈমন্ত মুখ তুলে বললে, "বই পড়ছি না ভাই, ছবি দেখছি ! অধানা হচ্ছে ক্যালকাটা পুলিস জানীল।"

- "পুলিস জার্নালের ছবি ? তাহ'লে নিশ্চয় তোমার কোন স্থাঙাতের—অর্থাৎ চোর কি খুনীর চেহারা ?"
- "না রবীন, তোমার রসিকতা মাঠেই মারা গেল। এ ছবি দেখে আমি এক পৃথিবীবিখ্যাত অমর শিল্পীর কথা ভারতি।"
- "কি সর্বনাশ, পুলিদের শনির দৃষ্টি আজকাল কি শিল্পীদেরও ওপরে গিয়ে পড়েছে ?"
- —"রবীন, পুলিসের ওপরে অকারণে তুমি এতটা নির্দিয়
 হোয়োনা। আর পুলিসের দৃষ্টি শিল্পীদের ওপরে পড়বেই বা
 নাকেন শুনি? শিল্পী মানেই কি সাধু? ফ্রান্সের বিখ্যাত
 কবি ভিলন কি চোর আর খুনী ছিলেন না? ইতালীর
 সিজিস্মোন্দো মালাতেসার নাম শুনেছ?"
 - —"না। কে তিনি ?"
- "কবি, পণ্ডিত, ললিতকলার উপাসক। মধ্য-যুগে তার জন্ম। কিন্তু তার মত হুর্নীতিপরায়ণ ক্রিমিনাল তুমি কলকাতার কোন কফিখানা বা বস্তী খুঁজলেও পাবে না। ও-সব কথা যাক ! আমি এখন কি দেখছি জানো ? তাজমহলের স্রফী সাজাহান বাদসার পাঞ্জা।"
- —"দেখি।" বইখানি হাতে নিয়ে দেখলুম, একথানি ছবিতে ছাপা সমাট সাজাহানের ডানহাতের ছাপ।

হেমন্ত বললে, "সেকালে মোগল-সামাজ্যের সমস্ত শুল্যবান ্টাজ-পত্রের ওপরে সমাটের পাঞ্জার ছাপ থাকত। কারণ ্রীগলরা জানত, শীলমোহর বা হাতের সই জাল হ'তে পারে, ষ্ট্র পাঁচ-আঙ্ল-তুদ্ধ করতল বা পাঞ্জার ছাপ জাল হওয়া 🖏 ত্তব। পৃথিবীর কোন হুজন মামুষের পাঞ্জার ছাপ এক-👣 ম হ'তে পারে না। বাংলা পুলিসের স্থার উইলিয়ম ছার্সেল হৈব পৃথিবীতে সর্বপ্রথমে আসামীদের আঙুলের ছাপ্র বার পদ্ধতি গ্রহণ করেন এই সেদিন—১৮৭৭ খুফ্টাব্দে। 🖣জ এই পদ্ধতির আদর পৃথিবীর দেশে দেশে। কিন্তু 🖏 রতে এই পদ্ধতির জন্ম বহুকাল আগে। কেবল মোগলদের ৰ্দ্ধার ছাপ নয়, হিন্দুরাও প্রাচীন কাল থেকে দলিলের উপরে 🛊 ম-সইয়ের বদলে আঙুলের টিপ-সই ক'রে আসছে। স্তরাং 🛊 ধুনিক পুলিসের আবিক্ষারের ভেতরে কোনই বাহাগুরি 有到 1...

্বী ···কিন্তু রবীন, সাজাহান বাদসার পাঞ্জার ছাপ দেখে জামার কিছু মনে হচেছ না ?"

—"হচ্ছে বৈকি! মনে হচ্ছে, এ হাতের ছাপ দেখলে জাহানকে স্মরণ হয় না!"

— "ঠিক বলেছ। দিল্লী-আগ্রার নানা প্রাসাদে, মস্জিদে, তি-সৌধের ছায়ায় গিয়ে দাঁড়ালে যে শিল্পী সাজাহানের শৈল্য্য-প্রীতি দেখলে অভিভূত হয়ে যেতে হয়, এই কি তাঁর জের হাতের ছাপ ? আধুনিক বিশেষজ্ঞরা বলেন, মানুষের আঙুলের গড়ন দেখলে তার প্রকৃতি আর পেশা বোঝা যায়।
কিন্তু সাঙ্গাহানের আঙুলের গড়ন দেখ! শিল্পীর আঙুলের গড়ন
এ-রক্ষ হওয়া উচিত নয়—যে কোন সাধারণ লোকের
হাতের ছাপ এ-রক্ষ হ'তে পারে। ব'সে ব'সে এই কথাই
ভাবছিলুম।"

পুর্বিস জার্মালখানা রেখে দিয়ে দাঁড়িয়ে উঠে আমি বলসুম, "ভাই, উত্তরদিক্তের জান্লা ছটো বন্ধ ক'রে দি। এই ছুর্ভ্রয় শীতের ওপরে কাল আবার রৃষ্টি হয়ে ঠাণ্ডা আরো বেড়ে উঠেছে। চট্ ক'রে এক পেয়ালা চায়ের তুরুম দাও।"

কোচের উপরে পাহটো লম্বা ক'রে ছড়িয়ে দিয়ে হেমন্ত বললে, 'ভা যেন দিচিছ! কিন্তু হুর্জন্ম শীতকে যদি এতই ভন্ন, তবে আজ তুমি গঙ্গাপার হয়ে বাগানে বেড়াতে গিয়েছিলে কেন ?"

চমংকত হয়ে বলনুম, "এ কথা ঙুমি কেমন ক'রে জানলৈ ? কেউ বলেছে বুঝি ?"

- —"তুমি তো সিধে ওপার থেকে এপারে নেমেই ধূলো-পারে আমার বাড়ীতে আসছ! এর মধ্যে খবর আর কে দেবে গূকেমন, যা বলছি সত্যি কিনা ?"
- "হাঁ। ভাই, সত্যি। কিন্তু আমি কোন বাগানে বেড়াতে যাইনি! তুমি তো জানো, বেলুড়ে আমার ভ্যাপতি থাকেন? তার অস্ত্রখ শুনে দেখতে গিয়েছিলুম। তবে তাঁর বাড়ীর সামনে একটা বেশ বড় বাগান আছে বটে! কিন্তু

এ-সব কথা তোমার তো জানবার ময়, তুমি তো কখনো সেখানে যাওনি !"

—"না, তা যাইনি। কিন্তু তুমি তো এ-কথা জানো বন্ধু, সর্বাদা আমার চোখ খোলা রাখি ব'লে কোথাও না গিয়েও আমি অনেক কথাই বলতে পারি।"

আশ্চর্য্য হয়ে ভাবতে লাগলুম, কোন্ সূত্র ধারে হেমন্ত আমার সম্বন্ধে এত কথা জানতে পারলে? নিজের জামার বোতাম-ঘরে যে 'কানে'শান' ফুলটি গুঁজে রেখেছিলুম ছঠাৎ সেইদিকে আমার নজর পড়ল এবং সঙ্গে সঙ্গে বুঝলুম হেমন্তের আবিকারের মূল আছে এই ফুলটিতেই।

হেমন্ত অর্দ্ধ-মুদিত চোথে আমার ভাবতঙ্গি নিরীক্ষণ করছিল। হাসতে হাসতে যেন অন্তর্গামীর মতই বললে, "না, বলু, না! তুমি যা ভাবছ তা নয়! জামার বোতাম-খরের ঐ কুলটি তুমি কলকাতার কোন বন্ধুর বাড়ী বা ফুলের দোকান থেকেও সংগ্রহ করতে পারতে! ঐ দেখেই আমি এত কথা আন্দাজ করিনি। তোমার জুতোর দিকে তাকালেই দেখবে, ওর নীচের দিকটায় লেগে রয়েছে ভিজে এঁটেল্-মাটি। ও-রকম মাটি কলকাতার কর্দ্দমাক্ত পথেও পাওয়া যায় না। দেখলেই বোঝা যায়, ও হচ্ছে গঙ্গামাটি। জুতো প'রে তুমি নিশ্চয়ই সান করবার জন্মে গঙ্গা-গর্ভে নামো নি। স্থতরাং আন্দাজে বুকলুম, তুমি নোকা-যোগে গঙ্গা পার হয়েছ আর ভাঁটার সময় ব'লে নোকা ছেড়ে নামতে বাধ্য হয়েছ ঘট থেকে থানিক

জ্বানা বির্বাহির উপরেই। তোমার বোতাম-ঘরের কুলটি থুব ভালা রয়েছে, স্বতরাং বুঝতে পারলুম ওটি তুমি কলকাতা থেকে লঙ্গে ক'রে ওপারে নিয়ে যাওনি, তাহ'লে এতক্ষণে ফুলটি অপ্পবিস্তর নেতিয়ে পড়ত। অতএব ফুলটিও তুলেছ অপ্লক্ষণ আগে, গঙ্গার ওপারে গিয়েই—খুব সম্ভব, কলকাতায় কেরবার সময়ে। আর বিলাতী মন্ত্র মী-ফুল 'কার্নেশান' তো ওপারের পথে-ঘাটে বনে-জঙ্গলে ফোটে না, স্বতরাং ধ'রে নিলুম ওটি চয়ন করেছ তুমি কোন বাগান থেকেই। তোমার জুতোর পঙ্গামাটি এখনো শুকোবার সময় পায় নি। ঐ ভিজে মাটি দেখেই বুঝেছি, তুমি নৌকো থেকে নেমেই সিধে আমার বাড়ীতে এসে উঠেছ। দেখছ বন্ধু, একটু চেন্টা করলেই মানুব দেখে কঁত কথা আবিকার করা যায় ?"

আমি বললুম, "তুমি আশ্চর্য্য লোক, হেমন্ত! আমার সঙ্গে অনর্গল গল্প করতে করতে এত খুটিনাটি লক্ষ্য আর সঙ্গে সঙ্গে চিন্তা করেছ!"

হেমন্ত বললে, "সবই অভ্যাসের ওপরে নির্ভর করে। আর মানুষের মন আর মুখ এক নয়। সে মুখে যখন এক কথা বলে, তার মন তখন অন্য কথা ভাবতে পারে।"

আমি বললুম, "কিন্তু চা কই—আমার চা ?···এই মধু! জল্দি এক কাপ্ চা নিয়ে আয়!" মধু হচ্ছে হেমন্তের চাকরের নাম।

হেমন্ত বললে, "দালানে পায়ের শব্দ শুনছি। যখন খবর না দিয়েই আসছে, নিশ্চয় তখন চেনা লোক!" বৈঠকখানার ভিতরে ঢুকলেন সতীশবাবু এবং তাঁর পিছনে। পিছনে আর একটি ভদ্রলোক—পরোনে তাঁর কোট-পেক্টলুন।

—"এই যে সতীশবাবু! আস্থন, আস্থন" ব'লেই হৈছন্ত জিজ্ঞাস্থ-চোখে পিছনের ভদ্রলোকটির দিকে তাকালে।

সতীশবাবু বললেন, "ওঁকে চেনেন না বুঝি ? উনি হচ্ছেন' এ-অঞ্চলের বিখ্যাত ডাক্তার মিঃ, এ, দত্ত।"

—"মিঃ, এ, দত্ত ? অর্থাৎ শ্রীযুক্ত অমরনাথ দত্ত ? নমস্কার,
নমস্কার! সতীশবাবু, উনি তো স্থপু ডাক্তার নন, শুনি ষে
রসায়ন-শাস্ত্র নিয়েও গবেষণা করেন, ইংরিজী কাগজে প্রবন্ধ
লেখেন! মিঃ, দত্ত, এই কালকেই একথানি পত্রিকায় মাসুষ্কের
দেহের ওপরে Butyl chloride-এর প্রতিক্রিয়া সম্বন্ধের
আপনার একটি স্থলিখিত প্রবন্ধ পড়েছিলুম।"

সতীশবাবু বললেন, "আপনি এত খবরও রাখেন!"

মিঃ দত্ত লচ্ছিত ভাবে বলনেন, "হেমন্তবাবুর মত পণ্ডিত লোকের মুখে আমার স্থ্যাতি শুনে আমি গর্মন অনুভব করছি!"

হেমন্ত অট্টহাস্থ ক'রে বললে, "আমি আবার পণ্ডিত নাকি ? মোটেই নয়—মোটেই নয়! জ্ঞান-সমূদ্রের তীরে আমি খালি মুড়ি কুড়োবারই চেন্টা করি! তা আমার পোড়াকপালে মুড়িও সহজে জোটে না! ওকি, আপনারা এখনো দাঁড়িয়ে রইলেন যে ? বস্থন, বস্থন—ওরে মধু, আরো কাপ-সূয়েক চা আনুরে!"

সতীশবাবু ও মিঃ দত্ত আসন গ্রহণ করলেন।

এখানে সতীশবাবুর একটুখানি পরিচযের দরকার।
সতীশবাবু হচ্ছেন কলকাতা পুলিসের তকজন নাম-কর।
ইন্পেক্টার এবং হেমন্ডের সঙ্গে তার আলাপ পরিণত হয়েছে
রীতিমত বন্ধুহে। তিনি প্রায়ই এখানে আসেন এবং অপরাধতব্ধ নিয়ে অনেকক্ষণ ধ'রে আলোচনা ক'রে যান। অনেক
সাধারণ পুলিসের লোকের মত নিজেকে তিনি তকজন
সবজান্তা ও মস্ত-বড় মনুন্য-রম্ন ২'লে বিবেচনা স্থ্রেন না। কোন
জটিল মামলা হাতে পেলে হেমন্ডের সজে প্রামর্শ করতে কৃষ্টিত
হম না একটুও।

চায়ের বারকোন হাতে ক্রে মধু মরের ভিতরে প্রবেশ করণ।

সভাশবারু এননেন, "২েমন্তবারু, বিস্টনের 'গ্রীন রেবেন' চারের লোভে আজ আমি এগানে আসিনি। আমি মহাসমসায় পড়েছি, তাই ওলেছি আপনার কাতে স্তপরামর্শ নিতে।"

ক্ষেন্ত হাসিমূথে বলনো, "স্থারামণ দেওয়া আর দাব। বোডের ওপর-চাল দেওয়া, চুইই গ্র সহজ। স্থাতরাং স্থারামর্শ চোমে সাপনাকে হতাশ হ'তে হবে না।"

নতীণবাবু চামের একটা পেবানা তলে নিয়ে বনলেন, "না ২েমন্তবাবু, ব্যাপারটাকে আপনি হাংকো তাবে নেবেন না। আমার থানার এলাবায় সহরের একজন বিখ্যাত ব্যক্তি থুন হয়েখেন আর তুরি গিয়েছে নগদ আশী হাজার টাকা।" হেমন্ত সোজা হয়ে ব'লে বললে, "কে খুন হয়েছে আর কার টাকা চুরি গিয়েছে ?"

- · "হত ব্যক্তির নাম মতিলাল মুখোপাধ্যায়। টাকা চুরি গেছে তাঁরই।"
- —"হাা, ও নাম আমি শুনেছি বটে। তিনি তো যহুগোপাল বস্তু খ্লীটে পাকতেন গু"
 - —"হা। খুনী ধরা পড়ে নি।"
 - —"কোন সূত্ৰ পাওয়া যায় নি ?"
- —"সূত্রও পেয়েছি কিছু-কিছু, কিন্তু এত এলোমেলো যে কাজে লাগাতে পারছি না। সন্দেহ করবার মত লোকও পেয়েছি, তবু সমস্থার সমাধান হচ্ছে না।"

হেমন্ত আবার কৌচের উপরে পা তুলে কুশনের উপরে ° হেলে পড়ল। তারপর ছই চোখ মুদে ফেলে বললে, "তাহ'লে আগে সব কথা শুনি। মিঃ দত্ত, চোখ মুদেছি ব'লে ভাববেন না আমি ঘুমোবার ফিকিরে আছি। সভীশবার ভাষার ভড্যাস জানেন, চোথ মুদলে আমার শোনবার আর চিন্তা করবার শক্তি দ্বিগুণ হয়ে ওঠে!"

क्लोश श्रीबटाक्ष्

হত্যাকাহিনী

সভীশবাৰু বলতে লাগলেনঃ

"মতিলাল মুখোপাধ্যায় খুব ধনী লোক। ব্যাক্ষে তাঁর প্রচুর টাকা জমা আছে, তা-ছাড়া কলকাতায় তাঁর বড় বড় বাড়ীও আছে অনেকগুলো।

তার বয়স ষাটের কাছাকাছি:। তিনি নিঃসন্তান। বছর-ছই আথে তার খ্রারও মৃত্যু হয়েছে। মতিবাবুর এক ভাগে আছেন, তার নাম বিনোদলাল চট্যোপাধ্যায়। তিনিই মাতুলের সম্পত্তির উত্তরাধিকারী হবেন।

স্ত্রীর মৃত্যুর পর থেকে মতিবাবুর স্বাস্থ্য ভেঙে যায়, ইদানিং তিনি 'ক্রণিক্' অঙ্গীণ রোগে ভুগছিলেন। তাঁর পারিবারিক চিকিৎসক হচ্ছেন ডাক্তার এ, দত্ত—যিনি আমার সঙ্গে এসেছেন। মিং দত্ত কেবল মতিবাবুর চিকিৎসক নন, তাঁর বিশেষ বন্ধুও। মতিবাবু লোকের সঙ্গে মেলামেশা করতে মোটেই ভালবাসতেন না, এত ধনী হয়েও তাঁর বন্ধুর সংখ্যা তিন-চারজনের বেশী নয়। ওঁদেরও মধ্যে প্রধান হচ্ছেন মিং দত্ত। কোন দ্বকারি বিষয়

নিয়ে পরামশের দরকার হ'লে মন্তিবারু **আগে মিঃ দন্তকে** আহবান করতেন।

প্রাচীন বয়সে প্রীর শোকেই হোক বা দীর্ঘন্নী রোগের জয়েই হোক, কিছুকাল থেকে মতিবাবুকে নানারকম বাতিকে ধরেছিল।

কলকাতার বাড়ীগুলে। তিনি একে একে বিক্রী ক'রে কেলছিলেন। সেই বাড়া-বিক্রার টাকা দিয়ে কিনে রাখছিলেন কোম্পানীর কাগজ।

গতক্লা নৈকালেও একখানা বাড়া বিক্রা ক'ন্সে তিনি আলা হাজার টাকা এনে নিজের গোবার খরের সিন্দুকের ভিতরে পূরে সেখেছিলেন। হাজার টাকার আশাখানা নোট।

ত্রীর স্থার পর বেকেই মাতবাবুব আর এক ধেয়াল হয়েছিল। কিন্তু সেচা বন্যার আবে ভার বাড়ীর কিছু বর্নার দরকার।

মতিবাব্র বস গ্রাজ্যান। মন্ত বড়—ভার তিনটে মহল। প্রথম—অর্থান সদর মহন্তা যত্তগোপাল বস্ত্ত্বাটের উপরেই। সক্রেম্বরে ভূতায় মহলের পিছনে আছে কালা বিশাস লেন। সেদিকেও একটা দর্জা আছে।

এখন তার খেয়ালের কথা বলি। মতিবারু আগে থাকতেন প্রথম মহলে, কিন্তু স্ত্রীর পরলোকগমনের পর থেকেই বড় রাস্তার ধার ছেড়ে তৃতীয় মহলে এসে বাস করতেন। তিনি অন্য কাকর সঙ্গে সাক্ষাৎ করতেন না, যে তিন-চারজন বিশেষ বঞু তার সঙ্গে দেখা করতে চাইতেন, তারা আসতেন ঐ কালী বিশাস লেন দিয়ে, তৃতীয় মহলে। এদিকেও আলাদা একটা সিঁড়ি আছে।

তৃতীয় মহলে ঢোকবার নীঢেকার দরজায় কোন দ্বারবান থাকে না। কিন্তু সিঁড়ি দিয়ে উপরে উঠেই মতিবাব্র ঘরের সামমে যে বারান্দা বা দালান পাওয়া যায় সেখানে দিনরাত বাঁধা থাকে প্রকাশু এক মাষ্টিফ কুরুর। তাকে এড়িয়ে মতি-বাবুল ঘরে ঢোকবার উপায় নেই। সে কেবল কামড়ায় না, মানেনা লোক দেখালেই বিষম চেচিয়ে পাড়া জাগিয়ে তোলে।

বাড়ীর প্রথম হৃই মহলে নাস করেন মতিবারর ভাগিনেয় বিনোদলাল ও অন্যান্য কয়জন নিকট-সম্পর্কীয় আগ্রীয়—তাদের মধ্যে ক্ষরিকাংশই স্ত্রীলোক।

মাতুলের সম্পত্তির অরণিন্তর তথাবধান ছাড়া বিনোদ-বাবু আর কোন কাজ করেন না। তবে আমি খবর নিয়ে জেনেছি যে, বিনোদনাবুর ঘোড়দৌড়ের নেশা আছে যথেন্ট। এবং গোপনে এই নেশায় মেতে তিনি অনেক টাক। নাট করেছেন, কলে বাজারে তার ধারও সামাপ্য নয়।

তার মাতুল এ-সব কথা জানতেন না, কিন্তু কথাগুলো জানতে পারেন আমাদেব এই মিঃ দত্ত। তিনি এ পরিবারের শুভাকুধ্যায়ী বদ্ধু, কাজে২ সব জেনে-শুনেও চুপ ক'রে থাকতে পারলেন না, মতিবাবুর কাণে সব কথা তোলেন।

শুনেই তো মতিবাবু মহা ক্ষাপ্পা!—একেই তো তিনি

বেজায় কড়া লোক, তার উপরে জীবনে সবচেয়ে বেশী খ্না করতেন যারা 'রেস্' বা জুয়া খেলে তাদের। তথনি বিনাদ-লালের তলব হ'ল। মামার কাছ থেকে বিষম বকুনি ও গালাগালি খেয়ে তাঁরও ধৈর্যাচ্যুতি ঘটল, তিনিও মতিবাবুকে ত্ৰুএক কথা শুনিয়ে দিলেন। মতিবাবু রেগে অজ্ঞান হয়ে চীংকার ক'রে বললেন, "জুয়াড়ীকে আমি আমার সম্পত্তির এক পরসাও দেব না! আমি নতুন উইল করব।"

এই ব্যাপারটা হয়ে গেল কাল ছপুর-বেলায়। তারপর মতিবাবু বেরিয়ে আটের্নি-বাড়ীতে যান। সেখান থেকে আশী হাজার টাকা নিয়ে বৈকালে ফিরে আসেন।

সন্ধ্যার পর তাঁর শরীর কিছু খারাপ হয়। তিনি একটু সকাল-সকালই বিছানায় আশ্রয় নেন এবং শোবার আগৈ নিজের হাতে ঘরের দরজা ভিতর থেকে বন্ধ ক'রে দেন। আপনারা জানেন, কাল সন্ধ্যায় অকাল-বর্মা নেমেছিল ? বৃত্তি হয় ঘণ্টাখানেক ধ'রে।

বৃষ্টি থামে রাত ন'টার সময়। বাড়ীর নিয়মমত রাত সাড়ে-দশটার সময় দরোয়ান এসে কালী বিশ্বাস লেনের দিকের দরজা বন্ধ ক'রে দিয়ে যায়।

আজ সকালে দেখা যায়, মেঝের উপরে মতিবাবুর মৃতদেহ প'ড়ে রয়েছে এবং ঘরের দরজা খোলা। কিন্তু বাড়ী থেকে রাস্তায় বেরুবার সব দরজাই বন্ধ।

খবর পেয়ে আমি গিয়ে যা দেখলুম তা হচ্ছে এই।

বিনোদলাল বালকের মত অধীর হয়ে কাঁদছেন আর মিঃ দত তাঁকে সাম্বনা দেবার চেন্টা করছেন।

মতিবাবুর মৃতদেহ প'ড়ে রয়েছে ঠিক খাটের তলায়। তাঁর মুশ্রের উপরে দারণ যাতনা ও ভয়ের চিহ্ন—সেই সঙ্গে রয়েছে বিষয় বিশায়েরও আভাস!

তাঁর গলার উপরে একটা নীল দার্গ। বিছানার উপরে ব্যক্তাব্দন্তির চিহ্ন। মতিবাব্র দেহের পাশে ছড়ানো রয়েছে একটা ভাঙা কাঁচের গেলাসের ছোট-বড় টুক্রো—কোন কোন কাঁচ রক্তাক্ত।

় আন্ন একটা আশ্চর্যা জিনিষও পেয়েছি। পুন পুরু পশমের একটা দস্তানা!

৺ ধরের মেঝেতে কালা-মাখা জুতোর দাগ আছে—ত্-রক্ষ জুতোর। কিন্তু কোন দাগ এমন স্পান্ট বা সম্পূর্ণ নয় যে নিখুঁত মাপ বা ছাঁচ নেওয়া যেতে পারে। তবে ছজন লোক যে হৃষ্টির পরে এই ধরের ভিতরে এসেছিল, সে বিষয়ে কোনই সন্দেহ নেই। খরের দরজার ঠিক বাইরেই যে একজন লোক দাঁড়িয়ে কিছুক্ষণ অপেক্ষা করেছিল, তার একজেন লোক স্পান্ট ছাপ দেখেই সেটা অনুমান করা যায়। তার থাঁজ-কাটা সোলের ছাপ দেখলে আরো বোঝা যায়, সে এসেছিল রবারের জুতো পরে। ঘরের মেঝেতেও এমনি রবারের জুতোর আংশিক ছাপ আছে। স্থতরাং বুঝতে দেরি লাগে না যে, প্রথম একজন ঘরে ঢোকবার পরে সেও ঘরের ভিতরে চুকেছিল।

দরজার বাইরেকার এই রবারের জুডোর আমি নিয়েছি।

মতিবাবুর হৃতদেহ দেখলে মনে হয়, কেউ বা কার। গুলা টিপে তাঁকে মেরে কেলেছে।

তার লোহার সিন্দুক খোলা, মতিবাবুর নিজের চাবি দিরেছ সেটা খোলা হয়েছে। ভিতর খেকে কেবল আশী হাজার টাকার নোটই অদৃশ্য হয়নি। মতিবাবুর টাকা খাটানোর ঝোঁকও ছিল। ফাগুনোটেও তিনি টাকা ধার দিতেন। সিন্দুকের ভিতরে কতগুলো ফাগুনোটও ছিল, সেগুলোও আর নেই। আর পাওয়া যাডেছ না মতিবাবুর পকেট-বইখানা! তাঁর রোজ ডায়ারি লেখার অভ্যাস ছিল।

এখন প্রশ্ন হচ্ছে, হত্যাকারী কে ?

্নী যে বাহির থেকে আসেনি তার প্রমাণ হচ্ছে প্রথমত, বাড়ীর সব নাইরের দরগাই ছিল ভিতর থেকে বন্ধ। দিতীয়ত, বারান্দার মাষ্টিক কুকুরটা কোন সাড়াশন্দ দেয়নি—তার মানে, থুনী তার অচেনা নয়।

বাড়ীর ভিতরে নেয়েদের কথা ছেড়ে দি। পুরুষ-আত্মীয় খাছে মোটে চারজন। বিলোদলাল, একজন প্রায় সতর বছরের বুড়ো, একজন বাতে-পঙ্গু লোক, আর একটি পনেরো বছরের ছোকরা। বাকি সবাই চাকর-দারবান প্রভৃতি।যদি ধরা যায়, টাকার লোভে তারা মনিবকে খুন করেছে, তাহ'লেও একটা প্রশ্ন জাগে। খুনীদের পায়ে জুতো ছিল, চাকর-দারবানরা

্বাড়ীর ভিতরে জুতো পরে না, পরলেও চুপি-চুপি কাজ সারবার জিত্যে তারা খালি পায়েই আসত। তারা ডায়ারি চুরি করত না আর্জ্যুনাও পরত না।

বাড়ীর ভিতরে মতিবাবুর মৃত্যুতে লাভবান হবেন কেবল বিনােদলালই। খুনের দিনই তাঁর সঙ্গে মতিবাবুর ঝগড়া হয়েছিল এবং তাঁর মামা তাঁকে সম্পত্তি থেকে বঞ্চিত করবেন ব'লে শাসিয়েছিলেন। তাঁর অনেক টাকা ধার, নগদ টাকার বিশেষ দরকার। তাঁকে অনায়াসে সন্দেহ করা যায়। হয়তে। তাঁর আহবানেই মতিবাবু নিজে ভিতর থেকে দরজা খুলে দিয়েছিলেন। কুকুর তাঁকে চেনে, তাই চ্যাচায় নি।

কিন্তু ঘটনাস্থলে খুনীর একজন সঙ্গীও হাজির ছিল। সে লোকটি কে? সমস্ত বাড়ী খুঁজে দেখেছি, রবারের জুতোর সঙ্গে কারুর জুতোর মাপ মেলে না। রবারের জুতোও বাড়ীর কারুর নেই।

হেমন্তবাবু, এই পর্যান্ত আমার কথা। এখন আপুনি যদি কিছু জিজ্ঞাসা করতে চান, করুন। মিঃ দত্তকে সঙ্গে ক'রে এনেছি, তিনি অনেক বিষয়ে আপনার সন্দেহভঞ্জন করতে পারেন, কারণ তিনি হচ্ছেন মৃতিবাবুর পুরাণো বন্ধু।"

হেমন্ত চোথ খুলে বললে, "লাস কি শব-ব্যবচ্ছেদাগারে চালান ক'রে দিয়েছেন ?"

—"না। ইচ্ছে করলে এখনো ঘটনাস্থলেই লাস দেখতে পারেন।" হেমন্ত গাত্রোত্থান ক'রে বললে, "হাা, সেই কথাই ভালো। রবীন, তুমিও এস।"

আমি হড়িছ সাহিত্যিক মানুষ। লাস-কাস দেখলে আমার প্রাণ হাঁস্কাঁস্ করে, নাড়ি ছাড়ি-ছাড়ি হয়। তরু হেমন্তের কথা এড়াতে পারলুম না।



ठेडूर्थ शजित्छ्म

ঘটনাস্থলে

আমরা কালী বিশ্বাস লেন দিয়ে ঘটনাস্থলে প্রবেশ করলুম।
হেমন্ত আগে সমস্ত বাড়ীখানা ঘুরে ঘুরে বেড়িয়ে দেখলে।
তারপর মতিবাবুর শয়ন-গৃহের সামনের বারান্দায় দাঁড়িয়ে
রবারের জুতোর ছাপটা লক্ষ্য করলে। মাপ্তিফ-কুকুরটা আমাদের
দেখে ক্রুদ্ধ দৃষ্টিতে তাকিয়ে রইল এবং মাঝে মাঝে গর্জ্জন
করতে শাগল।

ঘরের ভিতর ঢুকে দেখলুম, মতিবাবুর মৃতদেহটা।
হেমন্ত লাসের পাশে ব'নে প'ড়ে বললে, "মিঃ দত্ত, আপনি
তো ডাক্তার। আপনার কি বিশ্বাস ? মতিবাবুকে কেউ কি
গলা টিপে মেরে ফেলেছে ?"

- —"তা ছাড়া আর কি বলি বলুন ?"
- —"তাহ'লে ওঁর গলার ওপরে ঐ নীল দাগটা কিসের ? ওটা তো আঙুলের দাগ নয়! হঠাৎ দেখলে মনে হয়, যেন ওটা কোন সক্ষ ব্যাণ্ডেজ। আঙুলের দাগ ও-রকম হয় না।"
- "আমার বোধহয় আঙুলের দাগ মিলিয়ে গিয়েছে। ওটা কালশিরার দাগ।"



'র্ছ, গেলাস-ভাঙা কাঁচে দন্তানার থাানকঢা কেচেও গরেছে দেখাছ।'
—-২৯ পৃষ্ঠা

— "সম্ভব। শব-ব্যবচ্ছেদ হবার পরই টের পার্ডা থাকে। আছা সতীশবাবু, বাংলাদেশে শীতকালেও কোন বাভানী হাতে দস্তানা পরে নাকি ?"

সতীশবাবু বললেন, "আমি তো জানি পরে না। অস্তত এ-বাড়ীর কেউ কোনদিন দন্তানা ব্যবহার করেনি ব'লেই জেনেছি।"

মেঝে থেকে দস্তানাটা তুলে নিয়ে হেমন্ত বললে, "অতিরিক্ত পুরু সাদা পশমের দস্তানা। এর ওপরেও রক্তের দাগ রয়েছে। তুঁ, গেলাস-ভাঙা কাঁচে দস্তানার খানিকটা কেটেও গিয়েছে দেখছি। কাঁচের গেলাসটাও ভাঙা, গেলাসের টুক্রোর ওপরেও রক্তের দাগ, আশ্চর্যা!"

সতীশবাবু বললেন, "কেন, আপনি আশ্চগ্য হচ্ছেন কিঁ কারণে ?"

হেমন্ত আগে লাসটাকে একটু তুলে তার তলাটা পরিক্ষা করলে। তারপর বিছানার দিকে তাকিয়ে বদলে, "এ কাচের গেলাসটা কি মতিবারুর ?"

- —"হাঁা, ধরের ঐ কোণে গেলাসটা কুঁজোর মুখে বসানো ধাকত। দেখুন না, কুঁজোর মুখ এখন আহড়।"
- —"বিছানার ওপরে ধ্বস্তাধ্বস্তির চিহ্ন দেখে বোঝা যাড়ে, খুনীদের সঙ্গে মতিবাবু কিছুক্ষণ যুঝেছিলেন। ঘরের আর কোথাও ধ্বস্তাধ্বস্তির চিহ্ন নেই। ধরুন, খুনীরা মতিবাবুর গলা টিপে ধরেছে, মতিবাবু ঝটাপটি করতে করতে মেঝের ওপরে

এসে কাবু হয়ে পড়লেন—কিন্তু গেলাসটা ভেঙেছিল তার আগেই, কারণ লাসের পিঠের তলাতেও ভাঙা কাঁচ রয়েছে। । । । কিন্তু গেলাসটা ভাঙল কেন ? আর গেলাসের কাঁচে খুনীর হাতই বা কাটল কেন ? গেলাসটা তো আর হঠাৎ জ্যান্তো হয়ে পাধীর মতন পক্ষ বিস্তার ক'রে কুঁজোর মুখ ছেডে খুনীদের আক্রমণ করতে আসেনি ? যদি বলি ধ্বস্তাধ্বস্তির সময়ে খুনীদের কারুর হাতে গেলাসটা ছিল, তাহ'লেও প্রশ্ন ওঠে, গলা-টেপার সঙ্গে কাঁচের গেলাসের সম্পর্ক কি ?"

সতীশবাবু প্রশংসা-ভরা কঠে বললেন, "ঠিক! হেমন্তবাবু; আপনি একটা মস্তবড় সূত্র আবিষ্কার করেছেন! এ কথা তো এতঞ্চণ আমি ভেবে দেখিনি!"

ি হেমন্ত বললে, "গেলাদের নীচের দিকটা এখনো অটুট আছে দেখছি। কিন্তু ওর ভেতরটা একেবারে শুক্নো। তবু ওটাকে একবার পুলিদের পরীক্ষাগারে পাঠিয়ে দেওয়া দরকার। হয় তো ওর মধ্যে কোন বিষের অস্তির আছে। ওর গায়ে খুনীর আঙুলের ছাপও থাকা সম্ভব।"

সতীশবারু বললেন, "হাা, সেটা আমিও আগে থাকতেই ন্থির করেছি।"

- —"আর এই দস্তানাটা কি আমাকে আজ্কের মত ধার দিতে পারেন ?"
 - "তা নিন্না। কিন্তু কেন ?"
 - —"আমি দস্তানাটার রক্ত পরীক্ষা করব।"

মিঃ দত্ত কোতৃহলী স্বাবে বললেন, "তাতে কোন লাভ হবে । নাকি ?"

—"হবে বৈকি, মিঃ দত্ত! আপনি ডাক্তার, এটা নিশ্চয় জানেন যে, medico-legal মতামুসারে মানুষদের দেহের রক্ত মাত্র চার গ্রুপে বিভক্ত করা যায়। আপাতত আমি পরখ ক'রে দেখতে চাই, দন্তানার রক্ত কোন গ্রুপে বা শ্রেণীতে পড়ে। তাহ'লে খুনী গ্রেপ্তার হ'লে অনেকটা নিশ্চিত ভাবে বলা যেতে পারবে, এ রক্ত তারই দেহ থেকে বেরিয়েছে কি না।"

মিঃ দত্ত বললেন, "হেমন্তবাবু, আমি জানতুম না যে, এদেশে গোয়েন্দার কাজে কেউ এমন বৈজ্ঞানিক পদ্ধতি অবলম্বন করেন। আপনি অবাক করলেন দেখছি। আজ বড় হুঃসময়ে আপনার সঙ্গে দেখা হ'ল, নইলে আরো ভালো ক'রে আলাপ করতুম।"

হেমন্ত বিনীতভাবে বললে, "আমি থুব-রঙীন ফানুষ নই
মিঃ দত্ত, দয়া ক'রে আমাকে এত-বেনী আকাশে তুলবেন না।
আর আমার সঙ্গে যদি ভালো ক'রে আলাপ করতে চান,
তাহ'লে অধীন সর্ববদাই আপনার দারদেশে হাজির থাকতে
রাজি আছে।"

মিঃ দত্ত হেমন্তের একখানি হাত ধ'রে বললেন, "দারদেশে নয় হেমন্তবাবু, একেবারে আমার দোতালার ছয়িং-রুমে আপনাকে তুলে নিয়ে যেতে চাই। কাল বৈকালেই আমার গুখানে আপনার চায়ের নিমন্ত্রণ রইল। কেমন, রাজি তো ?" ক্রানি না।"

—"দশ নম্বর পরেশ মিত্র লেন। এখান থেকে ছ-সাত মিনিটের পথ।"

সতীশবাৰু বললেন, "মিঃ দত্ত বেশ লোক যা হোক ! আমরা পড়লুম বাদ! এক যাত্রায় প্রথক ফল!"

মিঃ দত্ত বললেন, "নিশ্চয়ই নয়, নিশ্চয়ই নয়! আপনিও যাবেন, রবীনবাবুও যাবেন!"

আমার কিন্তু গা থিন্-ঘিন্ করতে লাগল। সামনে প'ড়ে রয়েছে একটা থুন-করা মান্ত্র্যের মৃতদেহ, বাড়ীর ভিতর থেকে আসছে আত্মীয়দের বুক-চাপা কারা—এইখানে দাঁড়িয়ে ফিনা নিমন্ত্রনের কথা! তারপরেই বুঝলুম, মিঃ দত্ত হচ্ছেন ডাক্তার — মড়া কেটে কেটে আর লোকের মৃত্যু দেখে দেখে তাঁর বুক হয়ে গেছে দরাজ; এবং সতীশবাবু হচ্ছেন পুলিসের পুরাণো লোক—জীবনে বহু নিহত মানুবের ভরাবহ দেহ ঘেঁটে ঘেঁটে এ-সব দৃশ্য তাঁর চোখে হয়ে গেছে নেহাৎ সহজ, স্থতরাং তাঁরও মনের বিকার না হওয়াই স্বাভাবিক। যেমন শাশানের মুদ্যোকরাসরা; মৃতদেহ ভন্মসাৎ হ'লে পর তাদের তো চিতার আগুনেই হাঁড়ি চড়িয়ে ভাত রাঁধতে দেখা যায়!

মিঃ দত্ত নিজের হাতঘড়ীর দিকে দৃষ্টিপাত ক'রে ব্যস্ত হয়ে বললেন, "সাড়ে-আটটা বাজল! সতীশবাবু, আর তো আমার থাকবার উপায় নেই—ন'টার ভেতরেই আমাকে এক রোগীর বাড়ী যেতে হবে। হেমন্তবার, আমান্তে কি আৰু আপনার দরকার আছে ?"

হেমন্ত বললে, "না মিঃ দত্ত, আপমি অনায়াসেই বেতে পারেন।"

মিঃ দত্ত প্রস্থান করলেন। হেমন্ত খানিকক্ষণ লোহার সিন্দুকটা পরীক্ষা করলে। তারপরে বললে, "সতীশবাবু, এর চাবি কোথায়?"

— "চাবি পাওয়া যাচেছ না। বোধহয় খনীর কাছে আছে। একগোছা চাবি। বাড়ীর ভেতরের লোকই যে এই খুনের সঙ্গে জড়িত আছে, এও তার আর-একটা প্রমাণ। বাইরের খুনী চাবি নিয়ে যাবে কেন? যে চাবি নিয়ে গেছে, নিশ্চয় তার আরো কোন বদ-মংলোব আছে।"

হেমন্ত কিছু বললে না। নীরণে ঘরের মেঝের একদিকে তাকিয়ে ব'সে রইল। তারপর উঠে এগিয়ে গিয়ে মেঝের উপর থেকে এক টুক্রো শুক্নো কাদার মতন কি কুড়িয়ে নিয়ে কিছুক্ষণ সেটা পরীক্ষা ক'রে বললে, "সতীশবাবু, বলুম্ দেখি এটা কি ?"

- —"এক টুক্রো শুক্নো কাদা।"
- —"হুঁ। ভিজে পথ দিয়ে হাঁটবার সময়ে খুনীদের কারুর জুতোর গোড়ালি আর 'নোলে'র খাঁজে এই কাদাটা লেগে গিয়ে-ছিল। তারপর মতিবাবুর সঙ্গে ধ্বস্তাধ্বন্তি করবার সময়ে কাদার টুক্রোটা গোড়ালি আর 'সোলে'র খাঁজ থেকে খ'সে পড়েছে"

আমি বলসুম, "তুমি কি ক'রে জানলে যে ওটা আমাদেরই কারুর জুতো থেকে খ'সে পড়েনি ?"

— "হুটি কারণে। প্রথমত, আজ সকাল থেকে সহরের পথ-ঘাট শুক্নো খট্খটে। এ ঘরে যারা চুকেছে তাদৈর কারুকেই কর্দ্দমাক্ত পথ দিয়ে হাঁটতে হয়নি। দ্বিতীয়ত, আমি খালি-চোখেই যতদূর দেখছি, এই কাদার ভেতরে কিঞিৎ নৃত্যমন্ত্র আছে।"

সতীশবারু বললেন, "খুনীদের একজনের পায়ে ছিল র্বারের জুতো। তার গোড়ালি সমতল, স্থতরাং এ-রক্ম কাদার তাল জমবার উপায় নেই।"

- "ঠিক। অতএব এটি সংলগ় ছিল অন্য খুনীর জুতোর সঙ্গেও একে আমি এখন সমত্ত্বে প্কেটস্থ করলুম, বাড়ীতে গিয়ে অণুবীক্ষণ দিয়ে পরীক্ষা করব। তেন্সতীশবাবু, একবার বিনোদলালের সঙ্গে দেখা করবার স্থবিধা হবে কি ?"
- "নিশ্চয়ই হবে !" সতীশবাবুর হুকুমে তখনি একজন লোক বিনোদলালকে খবর দিতে গেল।

খানিক পরে একটি বৃবক ভীত হরিণের মত চারিদিকে তাকাতে তাকাতে অত্যন্ত জড়োসড়ো হয়ে ঘরের ভিতরে এসে চুকল। কর্মা রং, ছিপ্ছিপে দেহ, মুখ-চোখ স্থনর। বৃবকটি যে খুব সৌখীন দেখলেই তা বোঝা যায়। কিন্তু তার মাথার কেয়ারি-করা চুল আজ স্নান ও চিরুণির অভাবে এলোমেলো, চাকচিক্যহীন। পরোনে দামী রেশ্মী জামা

ও মিহি দেশী কাপড়, কিন্তু সেগুলোও মলিন পারিপাট্যহীন। তার চোখ কোলা-কোলা, চুই গালেও শুক্নো অঞ্জ দাগ।— যেন বিয়োগান্ত নাটকের শেষ-দৃশ্যের 'হিরো'!

হেমন্ত তীক্ষদৃষ্টিতে যুবকের দিকে নীরবে তাকিয়ে রইল—
অনেকক্ষণ ধ'রে। তার চোধহুটো দেখলে মনে হয়, তারা
যেন যুবকের মনের ভিতরে গিয়ে চুকতে চাইছে!

সেই তীত্রদৃষ্টি সইতে না পেরে বুবক মাথা নামিয়ে ঘরের মেকের দিকে নিজের দৃষ্টি নিবদ্ধ করলে। তারপুর কম্পিত স্বরে বললে, "আপনারা কি আমাকে ডেকেছেন ?"

হেমন্ত বললে, "আপনার নাম কি ?" তার স্বরের কঠোরতা দেখে বিস্মিত হলুম।

- , —"শ্ৰীবিনোদলাল চট্টোপাধ্যায়।"
- —"কাল সন্ধ্যা থেকে রাত দশটা প্র্যান্ত আপনি কি ক্রেছেন ?"
- "কাল সন্ধ্যা সাড়ে-সাতটা থেকে রাত বারোটা পর্ন্যন্ত আমি থিয়েটারে ছিলুম।"
 - —"বাড়ী ফিরেছেন কখন্?"
 - —"রাত দেডটার সময়ে।"
 - —"মোটরে ক'রে এসেছিলেন ?"
 - —"আজে হা।"
 - —"কোন্ থিয়েটারে গিয়েছিলেন ?"
 - —"নাট্য-নিকেতনে।"

- **"কোন দরজা** দিয়ে বাড়ীতে ঢুকেছেন ?"
- -- "जनन नवका निद्य !"
- "गत्रका वक हिन ?"
- "बार्ड है।।"
 - —"কে খুলে দিয়েছিল ?"
- —"मदाक्षांन।"
 - —"কোন্ জামা প'রে থিয়েটারে গিয়েছিলেন ?"
- —"যে জামাটা প'রে আছি।"
- শিংঘটার থেকে আপনি সোজা বাড়ীতে এসেছিলেন ?"

 একটু ইভস্তত ক'রে যুবক বললে, "আজে হাঁ।"

 হেমন্ত ধন্কে ব'লে উঠল, "মিথ্যে কথা!"
 - -- "atc93-"
- "চুপ! থিয়েটার থেকে আপনি বন্ধুবান্ধব নিয়ে হোটেলে গিয়েছিলেন। সেখানে গিয়ে খাবার খেয়েছেন, নেশা করেছেন। আমার চোখে ধূলো দেবার চেন্টা করবেন না!"

বিনোদলালের মুখ হয়ে গৈল মড়ার মতন হল্দে এবং তার সর্বাঙ্গ কাঁপতে লাগল থর-থর ক'রে।

হেমন্তের কণ্ঠন্বর হঠাৎ আবার অত্যন্ত কোমল হয়ে পড়ল। ধীরে ধীরে সে বললে, "বিনোদবাবু, ভবিশ্যতে আর কখনো মদ খাবেন না। মদ হচ্ছে মানুষের সব-চেয়ে বড় শক্র—মানুষকে সে যে-কোন মুহূর্ত্তে নরকে টেনে নিয়ে যেতে পারে। লক্ষ্য করলে দেখবেন, কোন পশুও মদ ধায়. না—কারণ সেটা স্বাভাবিক পানীয় নয়। যে-জিনিবে পশুর রুচি নৈই, মানুষ যদি তা খাঁয় তাহ লে তাকে কি পশুরও অধম বলব না ? আর একটা কথা মনে রাখবেন। কোন ভদ্রলোকেরই মিথ্যাকথা বলা উচ্চিত মার। মদ খাওয়া যে পাপ আপনিও তা জানেন। তাই সেই পাণ লুকোবার জন্মেই মিথ্যেকথা বলেছিলেন। যে-পাপ ভদ্রলোককে মিথ্যা বলতে বাধ্য করে, তার চেয়ে হীন আর কিছুই নেই। এখন আপনি যান, আমি আর-কিছু জানতে চাই না।"

দারুণ আতঙ্কে একবার হেমন্ডের মুখের দিকে তাকিয়েই বিনোদলাল তাড়াতাড়ি ঘর ছেড়ে পালিয়ে গেল।

সতীশবাবু বিপুল বিশ্বারে অভিভূত হরে বললেন, "হেমন্তবাবু! আপনি যে বিনোদকে চিন্তেন এ-কথা তো একবারও আমাকে বলেন নি!"

হেমন্ত বললে, "চিন্তুম মানে? আজ আমি এই প্রথম বিনোদকে দেখলুম, আজ সকালেও এর নাম পর্য্যন্ত জানতুম না!"

প্রায় হতভদ্বের মত মুখ ক'রে সতীশবাবু বললেন, "তবে আপনি কেমন ক'রে বিনোদের এত গুপুক্থা জানলেন গ"

—"খুব সহজেই! ইচ্ছে বা চেটা করলে আপনিও জানতে পারতেন! বিনোদ যখন বললে যে 'নাট্য-নিকেতন' থেকে মোটরে রাত বারোটার সময়ে বেরিয়ে বাড়ী ফিরেছে দেড়টার সময়ে, তখনি বুঝলুম সে সোজা বাড়ীতে আসেনি—কারণ 'নাট্য-নিকেতনে'র দূরত্ব এখান থেকে এক মাইলের

বেশী নয়। মনে প্রশ্ন উঠল, এই দেড় ঘণ্টা সময় সে কোথায়
কাটিয়েছে? লক্ষ্য ক'রে দেখলুম, তার জামার হাতায়
ভারকারির হল্দে দাগ। জামায় পাণেরও ছোপ্ রয়েছে,
ভায়ণাম জামগায় পোড়া দাগ। জিজ্ঞাসা ক'রে জানলুম, কাল
ভার গারে ছিল এই জামাটাই। তরকারির দাগ দেখে
অস্ত্রমান করলুম, থিয়েটার থেকে বাড়ীতে আসনার আগে সে
কোম হোটেলে গিয়েছিল—কারণ সাধারণত থিয়েটার দেখে
অতে রাত্রে কেউ অন্য' কোথাও নিমন্ত্রণ রাখতে যায় না।
ভারপর চিন্তা ক'রে দেখলুম, সিগারেটের আগুনের ফিন্কি
লেগে জামার নামা জায়গা পুড়ে যাওয়া, তরকারির দাগ আর
পাণের ছোপ্ লাগা—এ-সন হচ্ছে অজ্ঞানতা আর অসাবধানতার
লক্ষণ। নেশা না করলে কেউ এমন বেল্ল হ'তে পারে না।
সেইজন্মেই আন্দাজে বিনোদকে ঐ সব প্রশ্ন করেছি।"

সতীশবাবু বললেন, "অত্ত আপনার তীক্ষণৃষ্টি। বিনোদকে দেখেই তার আসল চরিত্র আবিক্ষার ক'রে ফেললেন। কিন্তু কাল রাত দশটা পদ্যন্ত বিনোদ কি করেছে, এ-কথা আপনি জানতে চাইলেন কেন ?"

েমন্ত সহাত্যে বললে, "এ জিজ্ঞাসার জবাব দেবার সময় এখনো হয়নি, আমাকে দয়া ক'রে মাপ করবেন।"

সতীশবাবু অনেকটা যেন নিজের মনে-মনেই মৃত্সরে বললেন, "হুঁ, বিনোদ খালি জুয়াই খেলে না, নেশাও করে! হয়তো তার আরো গুণ আছে!"

হেমন্ত বললে, "আচ্ছা সতীশবাৰু, বিনোদ কাল কথন বাড়ীতে ফিরেছে দ্রোয়ানের কাছে সে থোঁজ নিয়েছেন কি ?"

- —"নিয়েছি। রাত দেড়টার সময়েই।"
- —"উত্তম। আর আমার কিছু দেখবার-শোনবার নেই।"
 নমস্কার—"

সতীশবাবু ব্যস্তভাবে বললেন, "এখনি যাবেন ? কোৰ সূত্ৰ আবিষ্কার করতে পেরেছেন কি ?"

হেমন্ত বললে, "এত তাড়াতাড়ি কিছু বলা আমার পরেছিটিত নয়। তবে এইটুকু জেনে রাখুন, ঘনীভূত অক্সকারেছে তেতরে আমি ছ-একটি আলোক-রেখা দেখতে পেয়েছি বটে! চল রবীন, পলায়ন করা যাক্।"



शक्त -शित्रदाक्ष

কলকাতায় বিলাভী 'ফগ্'!

রাস্তায় বেরিয়ে দেখলুম, আজ সহরের এ কী অবস্থা!

চারিদিক ঢাকা প'ড়ে গিয়েছে যেন কুয়াশার বেরাটোপে। কলকাতায় যে এমন কুয়াশা হ'তে পারে, কখনো কল্পনা করিনি!

ুমুখ তুললে বোঝা যায় না মাথার উপরে লক্ষ তারার ছুম্কী বসানো নীলাকাশ ব'লে কোন-কিছুর অস্তিত্ব আছে! এদিকে ওদিকে যেদিকে তাকাই—সমস্ত দৃশ্য যেন লুগু হয়ে গেছে পুক ধোঁয়া আর ধোঁয়ার জঠরে। যেখানে যেখানে গ্যাস-পোই আছে সেখানকার কুয়াশা কিন্ধিং স্বন্ধ হয়ে উঠেছে মাত্র, আলো কিন্তু দেখা যাচেছ না। মাঝে-মাঝে পদশক শোনা যাচেছ

হেমন্ত বগলে, "ও রবীন, এ হ'ল ফি হে! লওনের বিখ্যাত বিলিতী 'ফগ্' কি ত্রিটিশ-সামাজ্যের প্রধান সহরে বেড়াতে এসেছে ?"

হেমন্ত রয়েছে আমার কাছ থেকে মাত্র এক হাত তকাতে, কিন্তু তাকেও দেখাচেছ যেন আবছায়ার মত! একে মতিবাবুর বাড়ীর পিছন-দিককার এই সরু গলিচা সাধারণতই নিজ্জন, ভার উপবে শীতার্ত্ত রাত ও এই ভয়াবছ ক্মাটিকা! মনে হচ্ছে খামরা চলেছি নিস্তর এক অন্ধকার-বাজ্যের ভিতর দিয়ে খালের মত!

বিচনে আবার একাধিক ঘদশা জুতোর শব্দ হ'ল।

গমি সাড়া দিয়ে বলনুম, "কে আসে—সাবধান! **আমাদের** দেহের ওপরে যেন হোচটু খানেন না।"

পর-মুরুর্টেই মাথার উপরে একুভব করলুম প্রচণ্ড এক আঘাত এবং চোখের সামনে ৮ড়িয়ে পড়ল রাশি রাশি সমুজ্জন. সর্মে-ফ্ল এবং তারপরেই হারিয়ে কেলনুম জ্ঞান!·····

কতক্ষণ অজ্ঞান হয়ে ছিলুম জানি না। কিন্তু জ্ঞান ফিরে আসার মঙ্গে সঙ্গেই শুনলুম হেমন্তর কণ্ঠসর—"রবীন, রবীন!"

- —"আ। ? কি বলছ ? উঃ।"
- —"উঠে বোসো—"

হেমন্ত আমাকে ধ'রে তুলে বসিয়ে বললে, "তোমার মাথা কেটে গেছে। এখনি বাাওেজ করা দরকার! তাড়াতাড়ি আমার বাড়ীতে যেতে পারবে ?"

- —"বোধহয় পারন। কিন্তু কে আমাকে আক্রমণ করলে ?"
- —"এখন কোন কথা নয়, আগে বাড়ীতে চল।"

·····নিজের বাড়ীতে ফিরে হেমন্ত আমার ক্ষতস্থানট। পরীক্ষা ক'রে বললে, "বড় বেঁচে গিয়েছ রবীন, আর-একটু হ'লেই আঘাতটা মারাত্মক হয়ে উঠত।" সে তাড়াতাড়ি ্জিল দিয়ে ক্ষতস্থানটা ধুয়ে ঔষধ প্রয়োগ ক'রে ব্যাত্তেজ বাঁধতে। বিষয়ন।

- "কিন্তু হেমন্ত, হঠাৎ আমার ওপরে গুণ্ডার আক্রমণ কেম ?"
 - -- "গুণ্ডা নয় রবীন, হত্যাকারী!"
 - —"হত্যাকারী ?"
- —"হাা। এ হচ্ছে মতিবাবুর হত্যাকারীর কীর্ত্তি! খালি তোমাকে নয়, আমাকেও আক্রমণ করেছিল।"
- "তুমি তাদের দেখতে পেয়েছ ?"
- "আবছায়ার মতন দেখেছি। দেখলেও চিনতে পারতুম না, তারা মুখোল প'রে এসেছিল।"
 - —"কিন্তু কেন ?"
- —"তারা আমার পকেট থেকে সেই দস্তানাটা চুরি ক'রে পালিয়েছে।"

বিস্মিত হয়ে ভাবতে লাগলুম। তারপর বললুম, "আমার সন্দেহ হচ্ছে, বিনোদের ওপরে। নিশ্চয় সে পাশের ঘরে লুকিয়ে ব'সে দ্স্তানা সম্বন্ধে তোমার মতামত শুনেছে।"

- —"তারপর তার কোন অনুচরের সঙ্গে আমাদের পিছু নিয়েছে গ"
- —"হুঁ। আজকের বিদ্কুটে কুয়াশা তার পক্ষে হয়েছে একটা মস্ত সুযোগ।"
 - —"হুর্য্যোগও হ'তে পারে রবীন।"

- —"ছর্য্যোগ ?"
- —"হাা, খানিকটা তাই বৈকি!"
- —"মানে ?"
- "এই দেখ।" হেমন্ত হাসতে হাসতে পকেট থেকে একখানা পকেট-বুক বার ক'রে সামনের টেবিলের উপারে রাখলে।
 - —"পকেট-বুক!"
- "হাঁ।" পকেট-বুকখানা খুলে দ্ৰ-এক পাতা উল্টে সে একটু বিস্মিত স্বরে বললে, "না, যা ভেবেছিলুম তা তো নয়!"
 - —"কী তুমি ভেবেছিলে?"
- —"ভেবেছিলুম এর মধ্যে দস্তানা-চোরের নামধাম-গুপ্তকথা পাব। এখন দেখছি এখানা হচ্ছে মতিবাবুর ডায়ারি!"
- —"গ্যাঃ! তবে কি এইখানাই মতিবাবুর ঘর থেকে অদুশ্য হয়েছে ?"
 - —"তাই তো বোধ হচ্ছে।"
 - —"এখানা তুমি কোখেকে পেলে ?"
- "পিক-পকেট যেখান থেকে চিরকালই গুপ্তধন আহরণ করে!"
 - —"হেমন্ত, আমি তোমার কথা বুকতে পারছি না।"
- —"শোনো। কুয়াশায় গা ঢেকে আজ আমাদের একসঙ্গে আক্রমণ করেছিল হুজন লোক। খুব সম্ভব তাদের হাতে ছিল

बोटी জোহার ডাগু। তারা নিশ্চয়ই আমাদের থুন করতে আনেনি, এসেছিল খালি ঐ দন্তানাটাই হাতাবার জন্মে। বৈধিহয় এই দন্তানা কেউ কেউ চেনে, দন্তানাটা দেখলে তারা মালিকের পরিচয় দিতে পারে। কিংবা অন্ত কোন কারণও থাকতে পারে। কিন্তু সে কথা যাক্।একজন তোমাকে অক্তিমণ করে, আর একজন আমার মাথা লক্ষ্য ক'রে ডাণ্ডা মারে, কিন্তু ফকে যায়। সে আবার ডাগু। তোলবার আগেই আমি তাকে চুই হাতে জড়িয়ে ধরি এবং সঙ্গে তার বুক-পকেটে অনুভব করি এই ডায়ারিখানির অন্তির। তুমি कारना त्रवीन, थूव विभरिष्ठ व्यामात माथा छिनिरग्न यात्र ना। চোখের নিমেষ পড়বার আগেই আমি এক হাতে তাকে জড়িয়ে সাঁৎ ক'রে তার পকেটে আর এক হাত চালিয়ে ডায়ারিখানা তুলে নিলুম—কিন্তু সেই মুহূর্ত্তে অহা লোকটা তোমাকে ছেড়ে আমারও মাথায় মারে ডাগুা, আমিও মাটীর ওপরে প'ড়ে যাই। আমার মাথা ফাটেনি বটে, কিন্তু আচ্ছন্নের মতন হয়ে গেলুম। আমাকে সেই অবস্থায় পেয়ে দস্তানাটা নিয়ে তারা স'রে পড়ে। আমি যে পকেট মেরেছি এটা নিশ্চয়ই তারা জানতে পারেনি!"

—"চোরের ওপরে আছে। বাট্পাড়ি করেছ বটে। — কিন্তু হেমন্ত, ডায়ারি আর চাবির গোছা চুরি দেখে সত্যি-সত্যিই সন্দেহ হয় যে, বাড়ীর ভেতরের কোন লোকই মতিবাবুকে খুন করেছে। হাা, সন্দেহ কেন, একরকম নিশ্চিত ভাবেই এ-কথা বলা যায়। বাইরের লোক খুন আর টাকা চুরি ক'রেই তুইট



একটু ইতন্তত ক'রে যুবক বললে, "আছে হাঁা।"

হ'ত—পরে মতিবাবুর চাবির গোছা আর ভায়ারি কোন কাজেই লাগাতে পারত না।"

ডায়ারির পাতা ওল্টাতে ওল্টাতে হেমন্ত অন্তমনক ভারে । ক্রেলে, "হাা, সতিশবাবুরও ঐ মত।"

মিনিট পাঁচ-ছয় হেমন্ত ডায়ারি থেকে আর মুখ তুললে না। তারপর হঠাও উৎসাহিত কঠে বললে, "পেয়েছি রবীন, ডায়ারি চুরির কারণ পেয়েছি! এই পাতাখানা ছাড়া ডায়ারির অন্য কোথাও আমাদের পক্ষে বিশেষ কোন দরকারি কথা নেই। শোনো—" ব'লেই পডতে লাগলঃ

"আমার শোবার ঘরের বড় টেবিলের ডানদিকের টানার পিছনের কাঠে একটি গুপ্তস্থান আছে। বাঁ-কোণের শেষ-প্রান্তে থুব ছোট একটি প্রিং আছে। সেটি টিপ্লেই গুপ্ত স্থানটি বেরিয়ে পড়বে। ওর মধ্যে প্রায় চল্লিশ হাজার টাকার হীরা, চুণী, পান্না আর মুক্তা আছে। বৃদ্ধ হয়েছি, স্বাস্থ্য দিনে দিনে খারাপ হচ্ছে, হঠাৎ যদি মারা পড়ি সেই ভয়ে আমার উত্তরাধিকারীর জন্মে এখানে এই কথাগুলি লিখে রাখলুম।"

—"রবীন, খুনা জানত যে, ডায়ারির মধ্যে এই গুপুধনের সন্ধান পাওয়া যাবে!"

আমি দৃঢ় স্বরে বললুম, "তাহ'লে এই খুনী নিশ্চয়ই বাড়ীর ভিতরের লোক! এইজন্মেই সে চাবি চুরি করেছে! কাল তাড়াতাড়িতে ডায়ারি পড়তে পারে নি, খুব শীঘ্রই সে কাজ হাঁসিল করবে।" — "করবে নাকি ? দেখা যাক্!" ব'লেই হেমন্ত উঠে 'টেলিফোনে'র 'রিসিভার' তুলে নিয়ে থানার নম্বর বললে।

—"কে? সতীশবাবু? থানায় ফিরে এসেছেন? হাঁ।,
আমি হেমন্ত। শুনুন। মতিবাবুর দেহ শব-বাবচেছদাগাকে
পাঠিয়ে দিয়েছেন তো? বেশ। তাঁর শোবার ঘর বন্ধ আছে?
উত্তম। কিন্তু একটা জরুরি কথা মনে রাখবেন। ও ঘরের
দেয়জার সামনে সর্ববদাই যেন পাহারা রাখা হয়—কেউ যেন
কোন কারণেই ও-ঘরে চুকতে না পায়। কেন? কারণ
নিশ্চয়ই আছে, কিন্তু এখনো প্রকাশ করবার সময় হয় নি। রাগ
করবেন না, যথাসময়ে সমস্তই বলব।

নামে একলা আসছিল, হঠাৎ পথে কারা তাকে আক্রমণ করেছে ? তারপর ? গেলাসটা ছিনিয়ে নিতে পারে নি ? শুনে স্থা হলুম। কনেফবল কারুকে চিনতে পারে নি ? শুনে স্থা হলুম। কনেফবল কারুকে চিনতে পারে নি ? শুন ক্রমাণাটা আশ্চর্যাই বটে! অভূতপূর্নব! কি বললেন ? মিনিট-হয়েক আগেই গলির মোড়ের কাছে কনফেবল আর-এক পথিকের গায়ের ওপরে গিয়ে পড়ে ? কে সে ? বিনোদ ? অত কুয়াশায় ওখানে সে কি করছিল ? মাথা ধরেছে ব'লে বেড়াতে বেরিয়েছিল ? এই বিত্রী কুয়াশায় ? আশ্চর্যা ওজর তো! তাকে গ্রেপ্তার করবেন কিনা ভাবছেন ? আপনার কর্ত্ব্য আপনিই ভালো বোঝেন, আমি আর কি বলব ? এ-পথে আমি শিক্ষানবিস ছাড়া তো আর কিছুই

নই ! তারার কাছেও একটা নতুন খবর আছে।
আমাকে আর রবীনকেও আজ কারা আক্রমণ করেছিল।
রবীনের মাথা ফেটে গেছে। বেচারী! আমার থুব বেশী লাগে
নি বটে, কিন্তু সেই দস্তানাটা লুট হয়ে গেছে—কনফেবলের মত
আমার ভাগ্য ভালো নয়। না, চিনতে পারি নি। একে কুয়াশা,
তার ওপরে উপন্যাসের ছরাত্মাদের মত তারা মুখোস প'রে
এসেছিল। না, না, এত রাতে আমাদের আর দেখতে আসতে
হবে না, আমরা ভালোই আছি। আচ্ছা, নমকার।" আমার
দিকে ফিরে সে বললে, "রবীন, সব শুনলে তো?"

অভিভূত কণ্ঠে বলনুম, "ভাই হেমন্ত, এ যে আমরা সাংঘাতিক লোকের পালায় পড়েছি! কাল খুন, আনী হাজার টাকা চুরি, আজ আমাদের আর কনটেবলকে আক্রমণ! আমি ভাই কালিকলম নিয়ে নাড়াচাড়া করি, এত গোলমাল আমার ধাতে সহু হবে না তো!"

হেমন্ত বললে, "হুঁ, আমিও জানতুম বটতলার ডিটেক্টিভ নভেলেই এমন সব হৈ-ছৈ কাও ঘটতে পারে!কিন্তুরবীন, বুঝতে পারছ কি, তাদের বিক্রন্ধে প্রমাণগুলো সরাবার জন্মে থুনীরা কি-রকম মরিয়া হয়ে উঠেছে? উপন্যাসকেও সত্য ক'রে তুলতে চাইছে? কিন্তু কে তারা—কে তারা? কিছই ধরতে পারছি না যে!"

আমি বললুম, "আচ্ছা, সতীশবাবুর কাছে তুমি একটা কথা ভাঙলে না কেন ?" ু কুটুমি-ভরা হাসি হাসতে হাসতে হেমন্ত বললে, "কি

— শতিবাবুর ডায়ারির কথা ?"

হেমন্ত হঠাৎ গন্তীর হয়ে বললে, "রবীন, আমার এ
লুকোচুরি মার্জনীয়। সত্যি কথা বলতে কি, এইটেই হবে আমার
জীবনের প্রথম উল্লেখযোগ্য 'কেস'। পুলিসের কাছে এর
সমস্ত বাহাত্ত্রিটা আমি একলাই অর্জন করতে চাই। আমার
দূচ-বিশাস, আমি এ মামলাটার কিনারা করতে পারব। অবশ্য
ভারপরে আমি স'রে দাঁড়ার যবনিকার অন্তরালে—জনসাধারণের
কাছ ধেকে পুলিসকে যোলো আনা স্থ্যাতি আদায় করবার
অবসর দিয়ে।"

- "কিন্তু এ আগুন নিয়ে খেলা হড়েছ, আমাদের প্রাণ যেতেও পারে।"
- —"দেহের ভিতর থেকে এত-চট্পট্ প্রাণবায়ু যাতে বহির্গত না হয় সে-চেফার ক্রটি আমি করব না। কিন্তু—িক আশ্চর্যা, আমি যে একটা মস্তবড় কথা ভুলে গিয়েছি রবীন!" ব'লেই হেমন্ত টপ্ ক'রে দাঁড়িয়ে উঠে নিজের পকেটের ভিতরে হাত চালিয়ে দিলে।
 - —"কি খুঁজছ তুমি ?"
- "এইটে।" হেমস্ত বার করলে সেই কাগজের মোড়কটা যার ভিতরে সে পূরে রেখেছিল খুনীর জুতো-থেকে-খসা খানিকটা শুক্নো কাদা।

মোড়কট। গুলে হেমন্ত আশস্ত স্বরে বললে, "আঃ. বাঁচা গেল! কাদার টুক্রোটা ধ্বস্থাধ্বস্থিতে গুঁড়িয়ে গেছে বটে, কিন্তু হারিয়ে যায় নি!"

আমি বললুম, "ঐ এক টুক্রো কাদাকে তুমি এমন অমূলা নিধি ব'লে ভাবছ কেন ? ওর ভেতর থেকে তুমি কি থ্নীকে আবিদার করতে চাও ?"

—"আশ্চয়্য কি ? আমার সঙ্গে পরীক্ষাগারে এস।"

হেমন্ত তার পরাক্ষাগারে গিয়ে টেনিলের সামনে চেয়ার টেনে নিয়ে ব'সে পড়ল। তারপর অণুবাক্ষণ ও সেই মোড়কের শুক্নো কাদার গুড়ো নিয়ে বাস্ত হয়ে রইল কে কিছুক্ষণ।

এ-রকম পরাক্ষার মধ্যে আমি কিছু রস-কদ্ পাই না। খরের এক কোণে মাটি দিয়ে তৈরি একটে গায়ের-ছাল-ছাড়ানে। মাকুষ-মূর্ত্তি দাঁড় করানো ছিল—লামি তার স্থাখে গিয়ে দাঁড়ালুম। শিল্পা কেবন মূত্তিই গড়ে নি, সাভাবিক সব রং বুলিয়ে নরদেহের থকের তলায় যে-সমস্ত বিশেষত থাকে তার এত্যেকটিই কুটিয়ে তুলেছে। এ-সব দেখলে বেশ বোঝা মার, পঞ্চুত দিয়ে আমাদের দেহ তৈরি করতে ব'সে প্রকৃতি-দেবীকে কত মাথা খাটাতে, কত শিল্প-চাতুরী প্রকাশ করতে হয়েছে: আশ্চর্যা ও রহস্তময় হচ্ছে মাত্যের দেহের ভিতরটা!

এমন সময়ে হেমন্ত আমাকে ডেকে বললে, "এই শুক্নো কাদার ভেতরে কি কি আছে জানো ?" জানবার জন্যে আমার বিশেষ আগ্রহ ছিল না। তবু বললুম, "কি কি আছে ?"

— "এর মধ্যে আছে চূণ আর বালি, সুর্কি আর কয়লার গুঁড়ো। এগুলো মেশানো আছে কলকাতার পথের সাধারণ ধূলোর সঙ্গে।"

আমি বলনুম, "চূণ, নালি, স্থ্রকি আর কয়লাও মেলে কলকাতার ফেখানে-সেখানে। এর কোনটাকেই আমি অসাধারণ ব'লে মনে করি না।"

—"করনা নাকি ? ও!" এই ব'লেই হেমন্ত একেবারে চুপ মেরে গেল। তার মুখ দেখলেই বোঝা যায়, অত্যন্ত একমনে সে যেন কোন মহা-দরকারি কথা চিন্তা করছে।

খাদনিক পরে আমি বললুম, "দেখ ভায়া, এটা ভাবি বাড়াবাডি হচ্ছে কিন্তু। শুক্নো কাদার ওঁডো অর্থাৎ ধূলো নিয়ে এত-বেশী মাথা ঘামানো হচ্ছে মান্তুষের মস্তিদের অপব্যবহার"

হেমন্ত আমার পানে কিগুক্ষণ চেয়ে রইল অত্যমনক্ষের মত। তারপর ধারে ধারে বলনে, "প্রিয় রবান, তুমি হ'চ্ছ একটি একাণ্ড উজ্বৃগ্।"

यष्ठे भित्रदेश्चन

দ্ৰবীভূত বাতাস

পরদিন বৈকালে চললুম পরেশ মিত্র লেনে, মিঃ দত্তের চায়ের নিমন্ত্রণ রাখতে।

বিশেষ ক'রে কলকাতার উত্তর-অঞ্চলে সহরের শিরা-উপশিরার মত যে-সব ছোট ছোট গলি দেখা যায়, পরেশ মিত্র লেনও হচ্ছে ঠিক সেই রকম। গলিটি চওড়ায় ছয়-সাত হাতের বেশী নয়, সাপের মত এঁকে-বেঁকে পাক খেয়ে ভিতর দিকে চ'লে গিয়েছে।

গলিটা প্রথম যেখানে মোড় ফিরছে সেইখানে বড় রাস্তা থেকেই দেখা গেল, একখানা নতুন বাড়ী প্রায় সম্পূর্ণ হয়ে এসেছে।

একটা জিনিষ আমি বরাবরই লক্ষ্য করেছি, ছেলেবেলা থেকেই সর্ববিষয়েই হেমন্তের কোতৃহল হড়েছ অসীম। হয়তো এটা ভালো ডিটেক্টিভের একটা বিশেষ লক্ষণ, কিন্তু ঠিক এই কারণেই তার সঙ্গে পথ চলা অনেক সময়ে কেবল বিরক্তিকরই নয়, নিরাপদও ছিল না।

একদিনের কথা বলি।

বাগবাজার দিয়ে যাচ্ছি আমরা ত্রজনে। রাস্তায় একটা বিঁড়িওয়ালার দোকানের সামনে দাঁড়িয়ে গল্প করতে করতে কে হুঠাং অট্টহাস্ত ক'রে উঠল।

সিকে সঙ্গে শাঁড়িয়ে পড়ল হেমন্ত। তিন, চার, হয় শিনিট কেটে গেল, সেখান থেকে সে আর নড়বার নাম করেনা।

আমি বিশ্বিত হয়ে বললুম, "কি হে, ব্যাপার কি ? এই
তুপুর রোদে মাথার চাঁদি গরম হয়ে উঠল যে, আর কতক্ষণ
এখানে দাঁড়িয়ে থাকবে ?"

হেমন্ত আমাকে একটু তফাতে টেনে এনে বললে, "রবীন, তুমি ওর দাঁত লক্ষ্য করেছ ?"

- — "দাঁত ? কার দাঁত ?"
- "ঐ যে লুঙ্গি-পরা লোকটা এখনি হা হা ক'রে হেসে উঠল ? দেখ দেখ, আবার ও হাসছে! ওর দাঁত দেখ!"

আমি বিরক্ত হয়ে বললুম, "যাও যাও, বাজে বোকো না! পথে পথে লোকের দাঁত দেখে বেড়ানো আমার ব্যবসা নয়। চল" ব'লেই তার হাত ধ'রে টান মারলুম।

কিন্তু হেমন্তকে এক ইঞ্চি নড়াতে পারলুম না। সে বললে, "ওর শ্বদন্তগুলো কি-রক্ম অসম্ভব বড় আর লম্বা দেখেছ ?"

- —"খদন্ত ? খদন্ত আবার কি ?"
- —"মূর্থ রবীন, তুমি সাহিত্য-চর্চ্চা ছেড়ে দাও। তুমি

ভালো গোয়েন্দা বা সাহিত্যিক কিছুই হ'তে পারবে না! মাতৃভাষা জানো না ? খদন্ত, অর্থাৎ canine tooth!"

- —"সাহিত্যিকের কাজ নয় খদন্ত নিয়ে তদন্ত করা। চলেঞ্জা?"
- —"অসাধারণ ওর শ্বদন্ত। তার ওপরে ও আবার চোঁকো চোয়ালের অধিকারী। যে সব বড় বড় পণ্ডিত অপরাধ-বিজ্ঞান নিয়ে আলোচনা করেছেন তাঁরা বলেন যে—"
- "তাঁরা কি বলেন আমি শুনতে চাই না। এখন তুমি আসবে কি না বল।"
- —"উহু, এখন আমি যাব কোথায়? আমি আগে ও-লোকটার পরিচয় জানতে চাই!…ঐ দেখ, লোকটা এগিয়ে চলল! মস্তবড় লখা ঋদন্ত, তার ওপরে চৌকো চোয়াল— সোনায় সোহাগা! এস রবীন, আমরাও ওর পিছনে পিছনে অগ্রসর হই!" হেমন্ত এমন বজ্র-মুন্তিতে আমার হাতের কজি চেপে ধরল যে, তার হাত ছাড়ানো অসম্ভব!

বাগবাজারের মোড়ে এসে লোকটা চড়ল চিৎপুর রোডের বাসে। আমরাও বাসে চেপে কিন্লুম টিকিট।

আমি চুপিচুপি বললুম, "এ যে বুনো হাঁলের পিছনে ছোটা হুছে! ওর পরিচয় জেনে আমাদের কি লাভ ?"

—"লাভ হয়তো কিছুই হবে না, হতাশ মুখে ফেরার সম্ভাবনাই প্রবল! কিন্তু আমি হচ্ছি অপরাধ-বিজ্ঞানের ছাত্র। বিজ্ঞানের মতামতগুলো মেকি কিনা যাচাই করবার চেফী। করব না ?" মনে মনে ছেমন্ডের অপরাধ-বিজ্ঞানকে পাঠাতে চাইলুম জাহাননে। আরে মশাই, কি আপদ বলুন তো! চৈত্রমাসের ভপ্ত দুপুর, পথের কুকুরগুলোও এখন ধুঁক্তে ধুঁকতে ঠাণ্ডা আশ্রেম খুঁজছে! কোথায় বাড়ীতে গিয়ে খেয়ে-দেয়ে, ঘরের জানলা-দরজা বন্ধ ক'রে বিজ্ঞলী-পাখার তলায় শীতলপাটি বিছিয়ে ব'সে বরফ দেওয়া সর্বাৎ পান করতে করতে রবি-ঠাকুরের ক্ষবিতা পড়ব, না ছুটে চলেছি এক মহাপাগ্লার সঙ্গে কোন্ খদন্ত ও চৌকো চোয়ালের পিছনে! গ্রহের কের আর কাকে বলে? হতচছাড়া খদন্ত বাস থেকে নামল হারিসন রোডের মোড়ে।

হুতচ্ছাড়া খদন্ত বাস থেকে নামল হারিসন রোডের মোড়ে। তারপর খানিক এগিয়ে একটা কফিধানায় গিয়ে ঢুকল।

হৈমন্ত রাস্তার ফুটপাথে দাঁড়িয়ে বললে, "লোকটার পরিচয় এখনো জানা হ'ল না তো! আমরাও কফিখানার খরিদ্দার হব নাকি ?"

—"ভাই হেমন্ত, এইবারে দয়া ক'রে আমাকে মুক্তি দাও! তোমার খদন্তের নাম-ধাম বংশ-পরিচয় তো আমার কাছে নেই, আমি অপরাধ-বিজ্ঞানের ছাত্রও নই। আমাকে নিয়ে আর টানাটানি কর কেন ?"

হেমন্ত মাথা চুল্কোতে চুল্কোতে ভাবছে, অতঃপর কি করা কর্ত্তব্য, এমন সময়ে বড়বাজার থানার এক ইন্স্পেক্টার সেখানে এসে হাজির হ'লেন।

—"আরে আরে, হেমন্তবাবু যে! এমন অসময়ে এখানে দাঁড়িয়ে রোদ পোয়াচ্ছেন কেন ?"

হেমন্ত কফিখানার দিকে অঙ্গুলিনির্দ্দেশ ক'রে বললে, "এই লোকটাকে দেখছি! ঐ যে, পরোনে ডোরা-কাটা সব্জেল্কী, গায়েও ডোরা-কাটা লাল গেঞ্জী, ব'সে ব'সে গোগ্রালে মাধ্য গিলছে!"

ইন্স্পেক্টার প্রায় মিনিটখানেক ধ'রে ভালো ক'রে লোকটাকে দেখলেন, তারপর সবিস্ময়ে বললেন, "ব্যাটার সাহস তো কম নয়! দিনের বেলায় এখানে প্রকাশ্যে ব'সেই কুন্তিক'রে খাবার খাচ্ছে! ধতাবাদ হেমন্তবাৰ, ওকে দেখিয়ে দিয়ে ভারি উপকার করলেন!"

—"(季 ଓ ?"

— "আবর্গ মিয়া, মেছোবাজারের গুণ্ডা, দানী আসামী, সাতবার জেল খেটেছে! আজ তিন দিন ধ'রে একটা শুনের মামলায় ওকে আমরা সারা কল্কাতা-ময় খুঁজে খুঁজে বেড়াচ্ছি আর ও কিনা আমাদের হাতের কাছেই খোস মেজাজে স্বশরীরে বর্ত্তমান!"

আবহুল তথনি ধরা পড়ল।

হেমন্তের তুই চোখ যেন নাচতে লাগল। বাড়ী কেরবার জন্মে একখানা ট্যাক্সি ডেকে বললে, "ভায়া হে, অপরাধ-বিজ্ঞানের মাহাত্মটো দেখলে তো ?"……

···পরেশ মিত্র লেনের সেই প্রায়-সম্পূর্ণ বাড়ীখানা হঠাৎ হেমন্তের দৃষ্টি আকর্ষণ করলে।

মিনিট-হুয়েক ধ'রে বাড়ীখানা দেখে সে বললে, "দেখ

রবীন, আজ কিছুকাল থেকে বাংলাদেশে নতুন এক উৎপাত স্থুক হয়েছে। 'স্বাইস্ক্রেপার' নামে এক অন্তত-এমন কি বেয়াডা ধরণের বাডী আমর। আমেরিকায় দেখে এসেছি। আমেরিকার বায়কোপওয়ালার৷ এই কনারক মন্দির আর তাজ্বহলের দেশে এসেও সেই চঙে 'মেটো'-সিনেমার বাডী তৈরী করেছে। সেটা আমাদের চোখকে আঘাত দিলেও 'মেট্রো'র কর্ত্রপক্ষকে দোষ দিতে চাই না। কারণ তারা হচ্ছে সেই দেশের লোক যারা বিদেশের ঠাকুর কেলে স্পেদেশের কুকুর প'রে আদর ক'রে মনুষ্যারের পরিচয় দেয়। কিন্তু আজকাল বাঙালীরাও দেখছি কলকাতার পথে পথে 'সাইস্ক্রেপারে'র নকলে ঘরবাড়ী তৈরি করতে লঞ্জিত হয় ন।। এই নতুন বাড়ীখানার দিকে চেয়ে দেখ। এই বিদেশ আদর্শের বদ-হজম সক্ষ করা অসম্ভব। এমন অনুকরণপ্রিয় জাতি কোনদিনই স্বাধীন হ'তে পার্বে না!"

নির তে চোখে হেমন্ত আরো কিছুক্ষণ দেইখানে পাঁড়িয়ে রইর আনি বরন্ম, "তোমার স্থাপতোর সমালোচনা রেখে এখন দশ নম্বনের বাড়া পোঁজো। পাঁচটা বাজে যে, চায়ের সময় উত্তীপ হয়ে যায়!"

^{— &}quot;যাক গে উত্তাৰ্ণ হয়ে! এও অনুকরণ। আমরা কি ইংরেজ যে এই সনয়ের মধ্যে আমাদেরও চা খেতে হবে ?"

^{—&}quot;এস, এসে, ওসব নিয়ে পরে আলোচনা করলেও চলবে। মিঃ দত্ত হয়তো আমাদের জন্মে অপেক্ষা করছেন।"

কিছুদ্র এগিরেই দশ নম্বরের বাড়ী পাওয়া গোল। হারবানের উপরে বোধহয় আদেশ ছিল, আমাদের নাম ওনেই সে দোতালায় যেতে অনুরোধ করলে।

মিঃ দত্ত তার দোতালার বৈঠকখানার ব'সে সত্য সত্যই আমাদের জন্মে অপেক্ষা করছিলেন। দেখলুম সতীশবাবু আমাদের আগেই সেখানে এসে হাজির হয়েছেন।

মিঃ দত্ত তাড়াতাড়ি এগিয়ে এসে বললেন, "হেমন্তবার্, রবীনবার ! কাল আপনারা কি সাংঘাতিক বিপদে পড়েছিলেন সতীশবার্র মুখে তা শুনে স্তন্তিত হয়েছি ! রবীনবার্র মাথায় এখনো ব্যাণ্ডেজ বাঁধা রয়েছে যে ! নিশ্চয় ওঁর খুব লেগেছে ?"

আমি বললুম, "লাগেনি বললে মিথ্যা বলা হবে। মধু খেলে মিষ্টি লাগে, ভাণ্ডা খেলে কফ পেতে হয়। প্রাকৃতির এই স্বাভাবিক নিয়ম।"

মিঃ দত্ত বললেন, "কিন্তু কে এই পাপিন্ঠ ? অনায়াসে যে খুন করছে, ভদ্রলোককে মারাত্মক আক্রমণ করছে, অথচ এখনো মেখনাদের মতন লুকিয়ে আছে মেঘের আড়ালে ? আমার তো মশাই, বাড়ী থেকে আর বেরুতে ভয় করছে!"

সতীশবাবু বললেন, "আপনার আবার কিসের ভয় ? আপনি তো পুলিসের লোক নন ?"

—"আমি পুলিসের লোক নই বটে, কিন্তু বন্ধু-হত্যার প্রতিশোধ নেবার জত্যে পুলিসকে তে৷ সাহায্য করছি ? গুনীদের রাগ আমার ওপরে পড়তে কতক্ষণ!" সতীশবাবু বললেন, "ভয় নেই মিঃ দত্ত, আমরা বোধহয় শীঘ্রই থুনীকে ধরতে পারব। আচ্ছা, একটা কথা বলতে পারেন ?"

- —"আজা করুন।"
- "আজ্ঞা নয় মিঃ দত্ত, অন্তরোধ। আপনি তো মতিবাবুর বন্ধু, ও-পরিবারের অনেক খবরই রাখেন। বিনোদলালবাবু কোন কোন লোকের সঙ্গে মেলামেশা করেন সে বিষয়ে আমাদের কোন খবর দিতে পারেন ?"

শিঃ দক্ত বিরক্ত ভাবে মাথা নেডে বললেন, "বিনোদের বন্ধুদের কথা আমাকে আর জিজ্ঞাসা করবেন না!"

- —"কেন বলুন দেখি?"

८२म उन्ताल, "गठीमवातु, भव-तानत्त्विमात्रत थवर कि?"

—"মতিবাবুর পাকস্থলীতে কোনরকম নিষের অস্তির পাওয়া যায় নি, যদিও ডাক্তারদের আগে সেই সন্দেহই হয়েছিল। মতিবাবুকে কেউ গলা টিপে মেরে ফেলেহে কিনা, ডাক্তাররা জোর ক'রে সে কথাও বলতে পারছেন না, তবে তাঁরা স্বীকার করেছেন যে, ওটা মৃত্যুর কারণ হলেও হ'তে পারে। মতিবাবুর কঠের প্রত্যেক রক্তবহা নাড়িতে অভিশয় রক্তাধিক্যের লক্ষণ পাওয়া গেছে। নিশ্চরই বিষম জোরে তাঁর গলা টিপে ধরা হয়েছিল। ডাক্তারের রিপোর্ট তো এই, আপনার রিপোর্ট কি হেমন্তবাবু ?"

—"আমার রিপোর্ট ? আপাতত আমার কাছে রিপোর্ট করবার মতন কোন তথ্যই নেই।"

আমি উপহাসের স্বরে বললুম, "কেন হেমস্ক, ছুমি তে। অনায়াসেই তোমার সেই মহামূল্যবান শুক্নো কর্দম-চূর্ণের কাহিনী বলতে পারো ?"

সতীশবারু আগ্রহ-ভরে বললেন, "দোহাই হেমস্থবারু, আপনার এই কর্দম-চূর্ণের কাহিনী থেকে আমাদের নিঞ্চিত করবেন না!"

আমার দিকে একবার রেগে কট্মট্ ক'রে তাকিয়ে হেমন্ত বললে, "না সতীশবাবু, শোনেন কেন, এ-সব বিষয়ে আমার' বদ্ধটি হচ্ছে পরলা নম্বরের অপদার্থ। যে-দূলোকে আমরা রাখি পায়ের তলায়, আধুনিক অপরাধ-বিজ্ঞানে তার স্থান যে কত উপরে, মূর্থ রবীন সে কথা জানে না।"

মিঃ দত্ত কোতৃহলী কঠে বনলেন, "হেমন্তবাৰু, এ-সব বিষয়ে আমিও কম-কাচা নই। আপনার মুখে একচুখানি ধুলোর ইতিহাস শুনতে চাই। ততক্ষণ বেয়ারারাও চা-টা নিয়ে আসবে!"

হেমন্ত বললে, "দেখুন, কিছুকাল আ্গেও অপরাধের সঙ্গে বিজ্ঞানের সম্পর্ক ছিল না বিশেষ কিছুই। বৈজ্ঞানিক পদ্ধতিতে চুরি আর পুনের মামলার তদন্ত আরম্ভ হয়েছে থুব একালেই। আগে কোন লোকের উপরে সন্দেহ হ'লে তার কাছ থেকে স্বীকার-উক্তি আদায় করবার জন্য তাকে, দেওয়া হ'ত অমাসুষিক বন্ধা। তার ফলে কেউ কেউ মারা পড়ত এবং অনেকে প্রাণের ভয়ে নির্দোষ হ'লেও মিথ্যা ব'লে অপরাধ স্বীকার করত। য়ুরোপে এমন সব ঘটনাও ঘটেছে, পুলিস সন্দেহ ক'রে একজনকে যত্রণ। দিয়ে মেরে ফেলেছে, তারপর প্রকাশ পেয়েছে সত্যিকার অপরাধী হচ্ছে আর-একজন লোক। আসল কথা আগে অনেক ক্ষেত্রেই পুলিসের বৃদ্ধির জোরে নয়, যত্রণার চোটেই আসামীর অপরাধ প্রকাশ পেতে।

"কিন্তু আজকের থারা ভিন্নকম। একালে পুলিস যদি

যন্ত্রণা দিয়েও আসামীকে অপরাধ স্বীকারে বাধ্য করে, তাহ'লে

আদালতে তা গ্রাছ হয় না। কিন্তু যুরোপের আধুনিক পুলিসকে

যন্ত্রণার দারা অপরাধীর দোষ আবিকার করতে হয় না। তার
কারণ পুলিস এখন বিজ্ঞানের সাহায্য পায়। অপরাধীর
স্বীকার-অধীকার নিয়ে পুলিস. মাথা ঘামায় না, ঘটনাস্থলে

পাওয়া আসামীর ব্যবহার-করা কাপড়, জামা, জুতো, টুপী, লাঠি,

ছোরা-চুরি প্রভৃতি অনেক রকম জিনিষের ভিতর থেকে পুলিস্

বিজ্ঞানের সাহায্যে আশ্চর্যা সব তথ্য আবিকার করতে পারে।

আসামী অপরাধ অদীকার করলেও দণ্ড থেকে যুক্তি পায় না।

এ-বিষয়ে নানাদিকে নানা কথা বলা যায়, কিন্তু আপাতত বলতে চাই কেবল গুলোর কথা।

"আপনারা সকলেই নিশ্চয় জানেন যে, গুলোর অগম্য ঠাই নেই। জানলা-দরজা বন্ধ ক'রে ঘরের ভিতরে একটা বান্ধে চাক্নি-দেওয়া কোটো রেখে দিন, তার মধ্যেও গুলো চুকরে। সাধারণ চোখে সে-গুলো যদি দেখতে না পাওয়া যায়, তবে অণুবীক্ষণ ব্যবহার করুন—দেখবেন কোটোর ভিতরে বাস করছে নানারকম গুলো! এক এক শ্রেণীর মানুষ যে কোন জিনিষ নিয়ে নিয়মিত ভাবে নাড়াচাড়া করবে, তার মধ্যে বিশেষ ক'রে পাওয়া যাবে-এক এক শ্রেণীর গুলো! জার্মানি-অষ্টিয়া আর ফ্রান্সের পুলিসরা এ-বিষয় নিয়ে গভীর ভাবে আলোচনা করেছে। অপরাধীদের ব্যবহৃত জিনিষগুলো ছচ্ছে তাদের কাছে নাম-সই-করা স্বীকার-উক্তির চেয়েও মুল্যবান্।

"যারা পাঁউরুটি তৈরি করে তাদের নিত্য-ব্যবহার্য্য জিনিষের মধ্যে পাওয়া যায় গমের পালো বা শেতসার। যাদের কাজ ধাতু নিয়ে তাদের জিনিষে মেলে অতি-সূক্ষম ধাতব ধূলো। খনিতে যারা থাকে তাদের ব্যবহৃত জিনিষে থাকে খনিজ ধূলো। রাস্তায় যারা পাথর ভাঙে তাদের জিনিষ সূক্ষম বালুময় ধূলোতে ভরা। এই রকম নানারকম জিনিষ অগুবীক্ষণ দিয়ে পরীক্ষাক'রে অনায়াসে ব'লে দেওয়া যায় তাদের মালিক মিস্ত্রী, চূতোর, কশাই, মুচি বা অন্য কোন্ শ্রেণীর লোক।

<u>"প্রফেসর সেভেরিন্ ইকার্ড নানা পরীক্ষার দ্বারা প্রমাণিত</u>

করেছেন, নিয়মিত ভাবে ব্যবহৃত টাঁগক্ষড়ী বা হাত্বড়ীর ভিতরে যে ধূলো জমে তার সাহায্যে থুব সহজেই ব'লে দেওয়া চলে কোন্ শ্রেণীর লোক হচ্ছে ঘড়ির মালিক! এইবারে একটা সত্য গল্প বলিঃ

"বিলাতের এক পাড়াগাঁয়ে একবার একটি স্ত্রীলোককে কে থুন ক'রে পালায়। স্ত্রীলোকটির দেহে ছুরির আঘাত ছিল বটে, কিন্তু সে আঘাতই তার মৃত্যুর কারণ নয়। লাল ও নীল রেশমী সূতোর পাকানো দড়ীর ফাঁশ তার গলায় লাগিয়ে কেউ তাকে হত্যা ক'রে পথের ধারে ফেলে পালিয়ে গেছে।

"পুলিস দস্তরমত বৈজ্ঞানিক প্রথায় তদন্ত স্থক করলে। হওঁ দ্রীলোকটির পোষাকে পাওয়া গেল তামাকের ধূলো অর্থাৎ নশুন তার জামা-কাপড়ের কোন কোন জায়গায় কয়লার গুঁড়োও দেখা গেল। তারও ওপরে আবিদ্ধৃত হ'ল অভ্র, silicate of calcium আর magnesium প্রভৃতি খনিজ পদার্থের ধূলো।

"কিছুদিন পরে পুলিস সন্দেহ-ক্রমে একটা লোককে গ্রেপ্তার করলে। অণুবীক্ষণ দিয়ে তার আঙুলের নথের ফাঁকে দেখা গেল ঐ সব অভ্র, কয়লা আর অভ্যাত্ত খনিজ পদার্থের অভি-সূক্ষম ধূলো এবং—সব-চেয়ে যা সন্দেহজনক—লাল-নীল রেশমী সূতোর টুক্রো! জানা গেল সে নস্ত নেয়। তার পকেটে একখানা ছুরি ছিল তাতেও রয়েছে অস্পেন্ট রক্তের ছাপ।

"আসামী বললে সে গ্যাসের কারখানায় আর খনিতে ঠিকে

কাজ করে। সে কারখানা আর খনির টিকারাও দিলে।
কিন্তু তার নখের ফাঁকে যে-সব খনিজ পদার্থের ধূলো ছিল,
তার দেওয়া কারখানা আর খনিতে গিয়ে সে-রক্ম ধূলো পাওয়া

-গেল না। কিন্তু যে গাঁয়ে নারীহত্যা হয়েছে, সেখানকার
ধূলোয় মিশ্রিত খনিজ পদার্থের গুঁড়োর সঙ্গে আসামীর নথের
ধূলো তবহু মিলে গেল। তখন আসামী বাধ্য হয়ে অপরাধ
স্বীকার করলে।

"ভেবে দেখুন, পুলিস যদি অণুবীক্ষণের সাহায্য গ্রহণ না করত, তাহ'লে হত দ্রীলোকটির পোষাক আর হত্যাকারীর নখের ফাঁক থেকে কিছুই আবিন্ধার করতে পারত না, কারণ যে-সব ধূলিকণা পাওয়া গিয়েছিল সেগুলো কিছুতেই ধরা পড়ত না সাধারণ দৃষ্টিতে।

"আমিও এই পদ্ধতিতেই কাজ করবার চেন্টা করি।
মতিবাবুর লাসের পাশে যে-দস্তানাটা আমরা পেয়েছিলুম, সেটা
খোয়া না গেলে আমিও হয়তো তার ভিতরকার গুলো পরীক্ষা
ক'রে অনায়াসেই বলতে পারভুম, দস্তানার মালিকের পেশা কি
এবং দস্তানার ভিতরে ছিল কোন্ শ্রেণীর গুলো! আশা করি
আমার বক্তব্য আপনারা বুঝতে পেরেছেন, আর আমার বলবার
কিছু নেই।"

সতীশবাবু বললেন, "হেমন্তবাবু, সেই শুক্নো কাদার গুঁড়ে! তো আপনি পরীক্ষা করেছেন ব'লে শুনছি, তার মধ্যে নিশ্চরই কিছু বিশেষত্ব আবিকার করতে পেরেছেন ?" শ্রেমন্ত অবহেলা-ভরে বললে, "ধূলো পেয়েছি বটে, কিন্তু অত্যন্ত বাজে ধূলো, কোন কাজে লাগবে ব'লে মনে হচেছ না! • কই মিঃ দত্ত, কোখায় আপনার চা ? এতক্ষণ তো পাগলের মতন ব'কে মরলুম, কিন্তু আর তো চা না হ'লে চলে না!"

"নিশ্চয়, নিশ্চয়! বেয়ারা, এই বেয়ারা! জল্দি চা লে আও!"

চা এল, খাবার এল।

মিঃ দত্ত বল্লেন, "হেমন্তবাবু, আপনার লেক্চার শুনে আজ অনেক জ্ঞানলাত কর্লুম; ধ্যুবাদ!"

চা পান করতে করতে হেমন্ত বললে, "ঐ দরজাটার পর্দার ফাঁক দিয়ে যে-ঘরটা দেখা যাচ্ছে, ওখানে শেল্ফের ওপরে অত. শিশি-বোতল সাজানো কেন ? ওটা কি আপনার ডিস্পেন্সারি ?"

- "না হেমন্তবাবু, ওটা আমার ডিস্পেন্সারি নয়, ও-ঘরটি হচ্ছে আমার রসায়নাগার।"
 - —"রসায়নাগার ?"
- "আজে হাঁ। আপনি তো জানেন, রসায়ন-শাস্ত্র নিয়ে আমি অরবিস্তর পরীক্ষা-কার্য্য করি! যদিও জ্ঞান আমার সামান্ত, তবু ঐ রসায়নাগারের পিছনে আমি অনেক টাকা খরচক বৈছি। আপনি ও-ঘরটি দেখবেন ?"

চায়ের পেয়ালায় শেষ চুমুক দিয়ে হেমন্ত হাসতে হাসতে বললে, "রবীন জানে সব ব্যাপারেই আমার কোতৃহলের সীমা নেই—বিশেষ বৈজ্ঞানিক ব্যাপারে! আমার লেক্চার ভৌ শুনলেন, এইবারে রসায়ন-শাস্ত্র সম্বন্ধে আপনি কিছু বলুন।"

— "আপনাকে নতুন কথা শোনাবার শক্তি আমার আহছ র'লে মনে হয় না। বড় জোর আমার রসায়নাগারটি আপনার মত গুণীকে দেখিয়ে ধন্য হ'তে পারি। চা খাওয়া হয়েছে ? আসুন!"

মিঃ দত্তের সঙ্গে আমর। তিনজনেই পাশের ঘরে গিয়ে চুক্লুম। আমি এই রসায়নাগারের মধ্যে বিশেষ কোন নৃত্নষ পেলুম না, কারণ হেমন্তের পরীক্ষাগারের সাজসম্ভার সঙ্গে এরও মিল আছে অনেকটা। সেই শিশি, বোতল, জার অণুবীক্ষণ, কাঁচের মাপজোপের গেলাস ও বক্ষত্র প্রভৃতি! তবে এই রসায়নাগারের জন্মে মিঃ দত্ত হেমন্তের চেয়ে চের বেশী টাকা খরচ করেছেন সেটা বুঝতে দেরি লাগে না।

আমি রসায়ন-রসে বঞ্চিত, কাজেই এ ঘরের যথার্থ মর্য্যাদ। হয়তো বুঝতে পারলুম না। সতীশবাবুরও অবস্থা বোধহয় আমারই মত, কারণ বোকা বনবার ভয়ে তিনি একেবারে বোকা হয়ে গেলেন। কিন্তু সমঝদার হেমন্ত কৌতৃহলে বালকের মতন চঞ্চল হয়ে উঠল। বিপুল আগ্রহে একবার এটা, একবার ওটা পর্য করে এবং প্রশ্নের পর প্রশ্নে মিঃ দত্তকে যেন আছন্ন ক'রে দেয়।

—"ওটাতে কি আছে মিঃ দত্ত ?"

মিঃ দত্ত হয়তো আমাদের পক্ষে তুর্বেরাধ ও অভূত এক

্রিমায়নিক পদার্থের নাম করেন ও তার গুণাগুণ বুঝিয়ে দেন।

—"আর ওটাতে ?"

আৰার একটা অচেনা নাম ও গুণাগুণের ব্যাখ্যা!

- "ভাকের ওপরে শিশি-বোতলের সঙ্গে এই থার্মস্ ক্লাস্কটাতে কি আছে মিঃ দত্ত ?"
 - —"লিক্উইড এয়ার!"
- "নিক্উইড এয়ার—অর্থাৎ তরল বা দ্রবীভূত বাতাস ? হাওয়াকেও আপনারা জলে পরিণত করেছেন—আশ্চর্য্য !"
- "কিছুই আশ্চর্য্য নয় হেমন্তবাবু! জল দেখা যায়, বাতাস দেখা যায় না। কিন্তু চুইই প্রবাহিত হয়, তাই বিজ্ঞানে বাতাসকেও বলে তরল জিনিস বা fluid!"

সতীশবাবু এতক্ষণ পরে বললেন, "কিন্তু fluid হলেও জলের মত এই দ্রবীভূত বাতাসকেও দেখা যায় না তো ?"

—"দেখা যায় বৈকি, খুব দেখা যায়! বাতাস একরকম গ্যাস ছাড়া আর কিছুই নয়। বাতাসের তাপ যখন zero'র হুশো সত্তর ডিগ্রী নীচে নামানো যায়, বাতাস তখনি হয় দ্রবীভূত। তাকে তখন দেখতে হয় এক্রকম জলের মতই আর জলের মতই তাকে এক পাত্র থেকে আর এক পাত্রে ঢালা চলে। দ্রবীভূত জল বিষম ঠাগু। কিন্তু তার অবশিক্ট তাপ আরও নীচে নামিয়ে আনলে সেটা জ'মে অধিকতর শীতল বরক হয়ে পড়বে!"

আমি বিস্মিত স্বরে বললুম, "জলীয় বাতাস শুনেই চম্কে

গিয়েছি, তারপরেও বাতাস হবে আবার নিরেট বরক! অবাক কাণ্ড! তাকে তখন দেখাবে কি-রকম ?"

— "অবিকল বরকের মতই। যদিও সেটা হবে এমন ঠাণ্ডা যে সাধারণ বরককেও তথন গরম বলা যেতে পারবে। ঐ বাতাস-বরকের সাহায্যে রাসায়নিকরা—বাতাসেরও চেয়ে তো বটেই, পৃথিবীর সব-চেয়ে হাল্ফা গ্যাসকে—অর্থাৎ হাইড্যোজেনকেও দ্রবীভূত করতে পারেন। আবার তার পরের ধাপ হচ্ছে বরকে পরিণত হাইড্যোজেন!"

সতীশবাবু বললেন, "ফ্লাস্কের মুখে ছিপি না দিয়ে তুলোর মুটি এঁটে রেখেছেন কেন মিঃ দত্ত ? বাতাস দ্রবীভূত হ'লেও পালিয়ে যেতে পারে তো ?"

—"দ্রবীভূত বাতাসও উপে যায় বটে। কিন্তু ফ্লাম্বের মুখে তুলোর বদলে ছিপি এঁটে রাখলে দ্রবীভূত বাতাস দড়াম্ ক'রে পাত্র ফেটে বেরিয়ে আসতে পারে!"

হেমন্ত হাসিমূথে বললে, "যাক্, আমাদের ঋণ গায়ে গায়ে শোধ হয়ে গেল মিঃ দত্ত! আমি শোনালুম সাধারণ গুলোর কাহিনী, আর আপনি শোনালেন অসাধারণ দ্রবীভূত বাতাসের কাহিনী! অবশ্য গুণানুসারে আপনারই কৃতির বেশী। কিন্তু এই দ্রবীভূত বাতাস আপনার কোন্ কাজে লাগে ?"

—"আমরা—অর্থাৎ রাসায়নিকরা—দ্রবীভূত বাতাসকে ব্যবহার করি অন্ত জিনিষকে অতিরিক্ত ঠাণ্ডা করবার জন্তে। একে অন্ত পদার্থের সঙ্গে মিশিয়ে বিস্ফোরক রূপেও কাজে লাগানো চলে। কিন্তু বাভাসকে দ্রবীভূত করা হচ্ছে বহুব্যয়সাধা, ধনী ছাড়া আর কেউ তা পারে না! রসায়নকে সথ ক'রে আমি প্রায় কক্ষির হ'তে বসেছি!"

হেমন্ত বললে. "আজ রাত হয়ে গেল মিঃ দত্ত, আপনাব দামী সময় আর মন্ত করব না। কিন্তু আগে থাকতে এটাও জানিয়ে রাথছি, আপনার মতন বিখ্যাত পণ্ডিতের সঙ্গে আলাপ করবার সোভাগ্য যখন হ'ল, তখন সহজে আপনাকে মুক্তি দেব না! আমি আবার এসে নতুন নতুন আশ্চর্য্য কংগ শুনে যাব।"

মিঃ দত্ত একমুঝ হেসে বললেন, "বিলক্ষণ, বিলক্ষণ! অবশ্যই আসবেন, আমার বাড়ীতে আপনার অবারিত দার জানুবেন!"

খরের ভিতর থেকে বেরুতে বেরুতে হেমন্ত মাথা নাড়তে নাড়তে বললে, "বাভাসের বরফ, বাতাসের বরফ! ধল বিজ্ঞান, ধলা! এবারে এসে হয়তো খেয়ে যাব গল্পের বরফি!"

মিঃ দত্ত হো-হো ক'রে হেসে উঠে বললেন, "না হেমন্তবারু, আপনাকে অতটা বেশী সোভাগ্যের অধিকারী বোধহয় করতে পারব না!"

পথ দিয়ে আসতে আসতে হেমন্ত আবার সেই নতুন বাড়ীখানার কাছে দাঁড়িয়ে পড়ল।

আমি ভয় পেয়ে বললুম, "কি হে, আবার তুমি স্বদেশী আর বিদেশী স্থাপত্য নিয়ে বক্তৃতা আরম্ভ করবে নাকি ?"



তারপর অণুবীক্ষণ নিরে ব্যস্ত হ'রে রইল বেশ কিছুক্ষণ। ---৪৯ পৃষ্ঠা

—"না, না, নির্ভয় হও! এ বাড়ীখানা হতেছ আমার চক্ষুশূল!" ব'লেই সে হন্-হন্ ক'রে এগিয়ে চলল।

বড় রাস্তায় প'ড়ে সতীশবাবু বললেন, "এইবারে আমাকে থানার দিকে ফিরতে হবে। কিন্তু মিঃ দত্তকে কেমন লাগল ?"

হেমন্ত উচ্ছসিত সরে বললে, "চমৎকার, চমৎকার! অভ্যস্ত চিত্তাক্ষক লোক, তিলমাত্র পাণ্ডিত্যের অভিমান নেই!" একটু থেমে স্বর বদলে সে আবার বললে, "সতীশবাবু, আপনাকে একটি ফর্দ্দ উপহার দিচিছ, কাজে লাগে কিনা দেখবেন!"

- —"উপহার ? কি উপহার দেবেন ?"
- —"একখানা কাগজ। মতিবাবুর যে নোটগুলো চুরি গিয়েছে এতে তাদের নম্বরগুলো টোকা আছে! এই নিন !"

অতিশয় বিস্মিত ভাবে সতীশবাবু বললেন, "সঁগা! এ কাগজ আপনি কোণায় পেলেন ?"

—"কোন কথা জিজ্ঞাস। না করলেই বাধিত হব। দিন-ছুই-তিন বাদে সবই জানতে পারবেন। চল রবীন!"

হতভম্ব সতীশবাবুকে সেইখানে রেখে আমরা ধরলুম বাজীর পথ।

খানিক দ্র এসে আমি জিজাসা করলুম, "এ কাগজের কথা ভূমি আমাকেও বলনি কেন ?"

হেমন্ত বিরক্ত-ভরা কঠে বললে, "তোমাকে ব'লে লাভ ? তুমি তো একটি আন্ত গাড়ল!"

^{—&}quot;গাড়ল ?"

- —"হাঁ, প্রথম জেণীর গর্দত। এখানে আমার শুক্নো কাদা নিয়ে পরীক্ষার কথা কে তোমাকে বলতে বলেছিল ?"
 - —"তাতে কি মহাভারত অশুদ্ধ হয়ে গেছে ?"
- —"তা নয়তো কি ? তোমাকে আগেই বলিনি, এ-মামলায় আমি পুলিসকে আমার হাতের তাস দেখাতে চাই না ?"
 - —"মাপ কর ভাই, ভুলে গিয়েছিলুম!"

হেমন্ত হেসে কেলে বললে, "আচ্ছা, এ যাত্রা তোমাকে মাপ করা গেল!"

- —"কিন্তু ঐ কাগজখানা ?"
- —"কৌতৃহলে তুমিও তো আমার চেয়ে কম যাও না দেখছি! ও-কাগজ সন্থন্ধে কোন রহস্তই নেই। আজ সকালে মতিবারুর ডায়ারিতেই পেয়েছি নোটের নম্বগুলো। যে পাতায় নম্বগুলো তোলা ছিল, খুনের দিনেই সেখানা লেখা হয়েছে। অর্থাৎ মতিবারু ব্যাঙ্ক থেকে বৈকালে কিরে এসেই নোটের নম্বর টুকে রেখেছিলেন।……ই, মতিবারু দেখছি খুব সাবধানী লোক ছিলেন!"

কালকের ও আজকের রাতে কত তফাৎ। কাল ছিল অভাবিত কুয়াশায় চারিদিক কালো, আর আজ আকাশ থেকে সহরের মাথায় ঝ'রে পড়ছে সোনার চাঁদের আলো!

হেমন্তও সেটা লক্ষ্য ক'রে বললে, "আজ তিন দিনে প্রকৃতি দেবী তিনরকম বেশ পরিবর্ত্তন করলেন। পরশু দেখলুম শীতের বাদল, কাল দেখলুম শীতের কুয়াশা, আর আজ দেখছি শীতের জ্যোৎসা! রবীন, তারপর আমাদের পিছবে পিছনে ও আবার কাকে দেখছি!"

ফিরে দেখলুম, মতিবাবুর ভাগ্নে বিনোদবাবু আসছেন। তার চেহারা যেন আরো শুক্নো, রোগা ও ছন্নছাড়ার মত ব'লে বোধ হ'ল।

হেমন্ত বললে, "আরে আরে, বিনোদবাবু যে! এদিকে কি মনে ক'রে?"

- —"কে, হেমন্তবাবু ? রাতের ঠাণ্ডা হাওয়ায় পথে পায়চারি করছি। আজকাল রোজ সন্ধ্যায় বিষম মাথা ধরছে! কিন্তু আপনারা এখানে কেন ?"
 - —"মিঃ দত্ত আজ আমাদের চায়ের নিমন্ত্রণ করেছিলেন।"
- —"ও, তাই নাকি ? আছো, আসি।" ব'লেই তিনি ফুটপাথ দিয়ে কয়েক পা এগিয়ে গেলেন। তারপর আবার ফিরে এগৈ নললেন, "হেমন্তবাবু, মিঃ দত্ত কি আমার সম্বন্ধে কোন কথা আপনার কাছে বলেছেন ?"
 - —"না। কিন্তু আপনার এমন সন্দেহের কারণ কি ?"

বিনোদবাবু কিছুক্ষণ ইতস্তত ক'রে বলবেন, "দেখন হেমন্তবাবু, মিঃ দত্ত আমার হতভাগ্য মামার বিশেষ বন্ধ ছিলেন বটে, কিন্তু আমাকে বোধহয় তিনি পছন্দ করেন ন।। মামার মৃত্যুর দিনে তার সঙ্গে আমার মনোমালিত হয়েছিল, এ-কথা আপনারা জানেন। কিন্তু তার আসল কারণ কি সেটা আপনার। শুনেছেন ?"

- --- "আপনি রেস থেলেন ব'লে মতিবাবু আপনার ওপরে বিরক্ত হয়েছিলেন তো প'
- "হাা। আর মামার কাছে সে-খবর দিয়েছিলেন ঐ মিঃ দক্তই। এটা কি তার উচিত হয়েছে ?"
- —"কেন উচিত হয়নি? আপনি অসৎ সংসর্গে অধঃপতনে যাচ্ছিলেন, তাই তিনি মতিবাবুকে সাবধান ক'রে দিয়েছিলেন আপনার মঙ্গলের জন্মে।"

निर्मानवातू (कवन वनरनन, "७!"

হেমন্ত বললে, "আপনাকে আমিও একটা কথা জিজ্ঞাসা করতে চাই।"

- · —"কক্ষ_{।"}
- —"মতিবাবুর হত্যার জল্মে কাকর ওপর আপনার সন্দেহ হয় কি ?"
- —"সন্দেহ ? কারুর ওপরে সন্দেহ করবার অধিকার আমার নেই।" ব'লেই বিনোদবাবু দ্রুতপদে সেখান থেকে প্রস্থান করলেন।

আমরা আবার অগ্রসর হলুম। যেতে যেতে আমি বার বার পিছন ফিরে তাকাতে লাগলুম। কিন্তু বিনোদবারু একেবারেই অদৃশ্য!

হেমন্ত উচ্চহাস্ত ক'রে বললে, "রবীন, তুমি বারবার কেন যে পিছন ফিরে তাকাচ্ছ, সে-কথা আমি বলতে পারি।"—

—"বল দেখি!"

—"তোমার মনের ভাবটা হচ্ছে এই রক্ষা। কাল রাতে
পথে যখন আমাদের আর পাহারাওয়ালার ওপরে আক্রমণ
হয়েছিল, ঠিক সেই সময়েই ঘটনাস্থলের কাছে বিনোদকে
দেখা গিয়েছিল। আজও হ'ল আমাদের পিছনে বিনোদের
আকস্মিক আবির্ভাব! এর মধ্যে কোন যোগাযোগ আছে
কিনা—বিনোদ আবার লুকিয়ে আমাদের পিছনে আসছে
কিনা ?' কেমন, এই তো?"

হেমন্তের কথা যে সত্য, সেটা অস্বীকার করাবার উপায় নেই!



সপ্তম পরিচেছ্দ

বিনোদলালের অন্তর্ধান

পরদিন বৈকালে ব'সে ব'সে ১৯মন্তেব সঙ্গে গ্র করছি, এমন সময়ে সতীশবাৰু এসে চুকলেন ঘরের ভিতরে।

েহ্যন্ত বললে, "হঠাৎ এ সময়ে ? কোন খবন-টবর আছে নাকি ?"

সতীশবাবু চেয়ারের উপরে ব'সে প'তে বনবেন, "ভালো-মধ্দ তই খবরই আছে।"

- —"যথা ?"
- —"সেই ভাঙা কাচের গেলাসের ওপরে আছুলের ছাপ পাওয়া গিয়েছে।"
 - —"ভঁ, স্থখবর বটে।"
- —"আমাদের পুরানো দপ্তর থেকে এক আসামীর আঙুলের ছাপ বেরিয়েছে। তুই ছাপই এক আঙ্লের।"

সাগ্রহে আমাদের দিকে ঝুঁকে গ'ডে হেমন্ত বলথো, "কে সেই আসামী ?"

----"একে একে সব বলছি। বিশ বহুর আংগে জাল নোট চালাবার চেফী ক'রে হরিহর নামে একটা লোক ধরা প'ড়েছিল। কিন্তু মামলা যখন বিচারাধীন, সেই সময়েই একদিন সে হাজত থেকে স'রে প'ড়েছিল পুলিমকে কাকি দিয়ে। তারই আঙুলের ছাপের সঙ্গে গেলাসের আঙুলের ছাপ মিলে গেছে অবিকল।"

- —"সেই হরিহর এখন কোথায় ?"
- —"কেউ তা জানে না। হয়তো তার আসল নাম হরিহরী
 নয়। যথন সে হাজতে ছিল তখন অনেক চেন্টা ক'রেও
 পুলিস তার মথার্থ পরিচয় আলায় করতে পারে নি। তবে
 তার কথাবার্তা হাব-ভাব ব্যবহারে এইটুকু অনুমান করা
 গিয়েছিল যে, সে ভালো খরের ছেলে আর স্তশিক্ষিত। পুলিস
 যার-পর-নাই খোঁজ নিয়েও আর হরিহরের কোন পালাই
 পায় নি। আজ বিশ বংসর পরে হরিহরের অন্তিম্ব পাওয়া
 গেছে ভাঙা গেলাসের কাঁচে। জালিয়াত অজ্ঞাতবাস থেকে
 ফিরে এসে হয়েছে হত্যাকারা। কিন্তু আবার সে অদুশ্য
 হয়েছে।"
- —"হরিহরের ছবি আপনাদের কাচে নেই? সে নাম বদলাতে পারে, চেহার। বদলাতে পাববে না তে। ?"
 - "ছবি নিশ্চয়ই আছে। এই নিন্তার লিপি।"

সতীশবাবু এক না কোটো বার ক'রে টেবিলের উপরে রাখলেন। আমি রু'কে প'ড়ে দেখলুম, একটি অত্যন্ত শান্তশিষ্ট যুবকের চেহারা। চোখ বড় বড়, নাক টিকলো, দাড়ী-গোঁক কামানো, মাথায় লহা, চুল। হবিখানা থানিককণ মন দিয়ে দেখে ছেমন্ত বললে, "বিশ বিছয় আগে ছবিছয়ের বয়স ছিল কত ?"

- --- "বা**ইখ-**চবিবশের বেশী নয়।"
- —"তাহ'লে আজ তার বয়স হবে বিয়াল্লিশ কি চুয়াল্লিশ। এতদিনে ভাস চেহারার যথেষ্ট পরিবর্ত্তন হওয়া সম্ভব। আচ্ছা, ছবিখানা আজ আমার কাছে থাক।"

আমি বললুম, "মতিবাবুকে খুন করতে এসেছিল হজন লোক। বোঝা যাড়েছ তাদের মধ্যে একজন হচ্ছে হরিহর। কিন্তু আর একজন কে ?"

সতীশবাবু মান হাসি হেসে বললেন, "সেটাও আমরা আন্দান্ত করতে পেরেছি। কিন্তু তুর্ভাগ্যক্রমে সেও পুলিসের হাত ছাড়িয়ে লম্বা দিয়েছে।"

হেমন্ত সবিস্ময়ে বললে, "পালিয়েছে। কে পালিয়েছে ?"

- —"শুমুন। মতিবাবুর চোরাই নোটের নম্বরগুলো আপনি কি উপায়ে সংগ্রহ করেছেন জানি না, কিন্তু থোঁজ নিয়ে জানা গেল, কারেন্সি থেকে আজই কেউ এমন দশখানা হাজার টাকার নোট ভাঙিয়ে নিয়ে গেছে, যার নম্বরগুলো আছে আপনারই দেওয়া কাগজে।"
 - —"বলেন কি মশাই ?"
- —"হ্যা। তারপরেই খবর পেলুম, আজ সকালে বিনোদ-লালকেও কারেন্সি আপিস থেকে বেরিয়ে আসতে দেখা গেছে।"

- —"वितामवावू कि वत्नन ?"
- —"আপাতত বিনোদের মতামত জানবার কোন উপায়ই আর নেই।"
 - ·--"মানে ?"
 - —"বিনোদ পালিয়ে গেছে!"
- "পালিয়ে গেছে! বিনোদ পালিয়ে গেছে ?" উত্তেজিত ভাবে হেমন্ত চেয়ারের উপরে সিধে হয়ে বসল।
- —"একেবারে নিরুদ্দেশ। ক'রেন্সি আপিস থেকে বাড়ীতে ফিরে এসে, আবার কথন যে কোন পথ দিয়ে সে অদৃশ্য হয়েছে কেউ তা দেখতে পায় নি! বিনোদের নামে ওয়ারেন্ট আমি তৈরি ক'রেই রেখেছিলুম, কিন্তু তাকে গ্রেপ্তার করতে গিয়ে দেখি খাঁচার ভেতরে পাখী আর নেই!"

হেমন্ত অৰ্দ্ধ-সগত সত্ত্বে বললে, "বিনোদ পলাতক! বিনোদকে দেখা গেছে কারেন্সিতে!"

অনুতাপ-ভরা কঠে সতীশবাবু বললেন, "কি অন্যায়ই করেছি! .গোড়া থেকেই ওর ওপরে আমার সন্দেহ হয়েছিল। তথনি যদি গ্রেপ্তার করতুম!"

আমি মনে মনে ভাবতে লাগলুম যে, পালিয়ে গিয়ে বিনোদ নিজেই নিজের অপরাধটা ভালো ক'রে প্রমাণিত করলে। কিন্তু এই বীভৎস ব্যাপারে তার হাত ছিল কতথানি ? সে কি হরিহরেরই তকুম তামিল করেছিল ? হরিহরও কি তার সঙ্গেই দেশছাডা হয়েছে ?" হেমন্ত হঠাৎ দৃঢ়স্বরে বললে, "নিশ্চিন্ত হ'ন সতীশবাবু ' আমাকে আরো দিন-ভিনেক সময় দিন! তার ভেতরেই বোধ হয় এ মামলাটার একটা কিনারা ক'রে ফেলতে পারব!"

সতীশবাবু বললেন, "এ মামলার একরকম কিনারা-তো ক'রে এনেছিই, পাজী বিনোদ গা-ঢাকা দিয়েই তো যত মুক্ষিলে কেললে!"

হেমন্ত বললে, "কিছু ভাববেন না সতীশবাবু, বিনোদলালকে আবার আপনার হাতের কাছে পাবেন খুব শাঘই। পালিয়ে সে খাবে কোথায় ? তাকে আপনার মুঠোর ভেতর এনে দেব— এই আমার পণ।"

আরো কিছুক্ষণ কথা ক'য়ে সতীশবাবু নিলেন বিদায়। হেমন্ত চিন্তিত মুখে চুধ ক'রে ব'সে রইল।

আমি বাড়ী যাবার জন্মে যথন গাত্রোপান করনুম তখন সেবললে, "রবীন, আজ সন্ধ্যায় তোমার সঙ্গে আর সিনেমায় যেতে পারব না। আমার হাতে আজ অনেক কাজ আছে।"



অষ্ট্রম পরিচেছ্দ আবার খুন

প্রভাতী চা গান করতে করতে হেমন্তের সঙ্গে আলোচনা হচ্ছিল। আলোচ্য বিষয় ছিল, কুমারটুলির বিখ্যাত খাঁদা বা খোকা গুণ্ডার কথা।

হেমন্ত বলছিল, "এটা তো ইংরেজের আদালতে প্রমাণিত একটা সত্য ঘটনা! বাংলা, ইংরেজী সব কাগজেই এর বিবরণ বেরিয়েছে। কিন্তু ভেবে দেখ রবীন, খ্যাদা আর তার. দলবল সন্মার পরেই গরাণহাটা থেকে একটা হতভাগ্য লোককে প্রকাশ্য ভাবে বন্দী ক'রে কলকাতার জনতাবত্তল পথ দিয়ে খানিক খোলা ট্যাক্সিতে চ'ড়ে আর খানিক পায়ে হেঁটে শোভাবাজার ছাড়িয়ে এল; পথের উপরেই তাকে খুন করলে; তার কাটা মুন্ত নিয়ে আবার বটতলায় এসে এক বন্ধুকে দেখিয়ে গেল; তারপর মুন্তটা গঙ্গাজলে বিসচ্জন দিয়ে এল—খণ্ড কেউ তাকে কোন বাধা দিতে পারলে না, পথিকরাও নয়, পুলিসও নয়। কোন উপতাসে এমন ঘটনা বেকলে সমালোচকরা অন্যাভাবিক গাঁজাগুরি ব'লে চেঁচিয়ে ফাটাতেন সারা আকাশখানা! কিন্তু এখন তারা কি বলসে গ্র

এমন সময়ে অত্যন্ত হন্তদন্তের মত সতীশবাবুর সশব্দে আবির্জাব!

হেমন্ত বললে, "কি হয়েছে ? আপনার চেহারার অবস্থা তো ভাল নয় ?"

—"আবার খুন!" ব'লে সতীশবাবু ধপাস্ ক'রে চেয়ারের উপরে ব'সে পড়লেন।

হেমস্ত উঠে দাঁড়িয়ে বললে, "খুন ?"

- → "হা মশাই, হা ! আবার খুন হয়েছে আর খুনী নিশ্চয়ই
 সেই বিনোদ !"
- → "আপনি কি বলছেন সতীশবাবু ? বিনোদ খুন করেছে ? কাকে ? মিঃ দভকে নয় তো ?"
 - "মিঃ দত্তকে সে কেন খুন করবে ?"
 - —"তার ওপরে বিনোদ মোটেই খুসি নয়।"
- —"না হেমন্তবাবু, খুন হয়েছে একটা নতুন লোক—কিন্তু মতিবাবুর হত্যাকাণ্ডের সঙ্গে লিপ্ত আছে ব'লে তাকেও আমরা খুঁজছিলুম।"

হেমন্ত আবার ব'সে প'ড়ে বললে, "ভালো ক'রে সব কথা গুছিয়ে বলুন।"

—"বলি। ভোর-বেলায় খবর পেলুম, গঙ্গার ধারে একটা মড়া প'ড়ে আছে। দেখতে গেলুম, এমন প্রায়ই যেতে হয়, কারণ গঙ্গার ধারে লাস পাওয়া নতুন কথা নয়। কিন্তু ঘটনাস্থলে গিয়েই আমার চক্ষুস্থির হয়ে গেল। একটা জোয়ান লোকের লাস, আর সে মারা পড়েছে ঠিক মতিবাবুর মতই ! মুখে সেই আতঙ্ক, বিম্ময় আর যন্ত্রণার চিহ্ন আর গলায় সেই সাংগাতিক নীল দাগ !"

- -"भीन मार !"
- —"হাা। তাকে গল। টিপে হত্যা করা হয়েছে। পরীক্ষা ক'রে বোঝা গেল, লোকটাকে অন্য কোথাও গুন ক'রে তার লাসটাকে এখানে ফেলে দিয়ে যাওয়া হয়েছে। লোকটাকে এখনো কেউ সনাক্ত করতে আসে নি। গায়ে পাঞ্জাবী, তার পকেটে পেলুম একখানা ছোরা—স্থতরাং মানুষটি গোবেচারাছিল না। পরোনে পাজামা, পায়ে রশারের জতে।"
 - —"রবারের জুতো ?"
- "যা সন্দেহ করছেন তা মিথ্যে নয়। গলায় নীল দাগের সক্ষে পায়ে রবারের জ্বতো দেখে আমারও সন্দেহ জ্বেগে উঠল। মতিবাবুর বাড়ীতে হত্যাকারীদের একজনের যে রবারের জ্বতোর মাপ আমরা নিয়েছিল্ম, তার সঙ্গে এই জ্বতোর মাপ একেবারে ঠিকঠাক মিলে গেল।"
 - —"এই লোকটাই সেই ভূতপূর্বন জালিয়াত হরিহর নয় তো?"
 - —"না। এর আঙ্লের ছাপ অন্তরকম।"
- —"তাহ'লে মতিবাবুর চুই খুনীর একজনের সন্ধান পাওয়া গেল ?"
- —"তাইতো মনে হচ্ছে। আর-এক গুনী নি*চয়ই বিনোদলাল। কিন্তু সে তো পলাতক!"

- —"তাছ'লে এই নতুন হত্যার জল্যে কার ওপরে আপনার সন্দেহ হয় ?"
- —"ঐ বিনোদের ওপরেই। হেমন্তবারু, আমার দৃচবিশ্বাস যে, বিনোদ এই কলকাতাতেই গা-ঢাকা দিয়ে ব'সে আছে। খুব সম্ভব, তার সজে এই লোকটা চোরাই নোটের অংশ নিয়ে গোল-মাল করেছিল, কিংবা এ তাকে কোনরকম ভয় দেখিয়েছিল, তাই বিনোদ গলা টিপে একে বধ ক'রে নিজের পথ সাফ করেছে।"

অপ্লক্ষণ ভেবে হেমস্ত বললে, "কেসটা দাঁড় করিয়েছেন মন্দ নয়. কেবল ধোপে টিকলে হয়।"

- —"কেন ?"
- —"তাহ'লে এর মধ্যে হরিহরের স্থান কোথায় ?"
- —"দেইটেই ভালো ক'রে বোঝা যাচ্ছে না। হয়তো পরে বোঝা যাবে। আপনি কি লাসটাকে দেখবেন ?"

হেমন্ত তাচ্ছিলা-ভরা কণ্ঠে বললে, "দরকার কি ? আমি যে ঘটনার মালা গেঁথেছি এটা হচ্ছে তারই একটা ঘটনা মাত্র। এর পরেও যদি ত্র-দশটা খুন হয়, তাহ'লেও আমার ঘটনার মালা নতুন ক'রে গাঁথতে হবে না !" একটু থেমে হঠাং স্বর বদলে সে আবার বললে, "সতীশবাবু, খুনীকে আপনি আজ্কেই গ্রেপ্তার করতে চান ?"

সতীশবাবু হুই চক্ষু বিস্ফারিত ক'রে বললেন, "সে কি! বিনোদ কোথায় আছে আপনি জানেন ?"

— "তা নিয়ে আপাতত আপনাকে মাণা ঘামাতে হবে না।

কারণ, আমি তো আগেই প্রতিজ্ঞা করেছি যে, বিনোদকে আমি আবার আবিকার করবই ! আপাতত বিনোদ সম্বন্ধে সমস্ত ভাবনাচিন্তা ছেড়ে দিয়ে এখন যা বলি মন দিয়ে শুমুন। আজ বৈকালে রবীনুকে নিয়ে আমি মতিবাবুর শয়ন গৃহে যেতে চাই । মিঃ দতকেও দরকার হবে, তিনিও এই খুনী-ধরা ব্যাপারে আমাদের সাহায্য করতে পারবেন । অপনাকে আরো যা যা করতে হবে বলছি, পাশের ঘরে চলুন। সেই সঙ্গে একটা নতুন জিনিষও দেখাব।"

সতীশবাবুর সঙ্গে আমিও পাশের ঘরে যাব ব'লে ওঠবার উপক্রম করছি, হেমন্ত হেসে উঠে বললে, "না রবীন, কৌতৃহল দমন কর—তুমি এই ঘরেই থাকো। তাহ'লে আজ যথন এই রহস্থ-নাট্যের শেষ-দৃশ্যের ওপরে পড়বে যবনিকা, তথন তার বিশারটা তুমি রীতিমত উপভোগ করতে পারবে।"

সতীশবাবুকে নিয়ে হেমন্ত তার পরীক্ষা-ঘরের ভিতরে গিয়েঁ ঢুকল—আমি একলা বিরক্ত মনে চুপ ক'রে ব'সে রইলুম।

প্রায় আধ-ঘণ্টা ধ'রে ওদের ত্রজনের মধ্যে ফিস্-ফাস্ ক'রে কি কথাবার্তা হ'ল কিছুই শুনতে পেলুম না—যদিও শোনবার জন্মে আমার প্রাণ করছিল ছট্ফট্!

শেষের দিকে কেবল একবার শুনতে পেলুম, সতীশবাবু সবিসায়ে বলছেন, "কি আশ্চর্যা! কি আশ্চর্যা!"

বিশ্ময়ের কারণটা আবিকার করতে না পেরে মনটা আরো খারাপ হয়ে গেল। এবং এই লুকোচুরির জন্মে হেমন্তকে অভিশাপ দিতে লাগলুম বারংবার!

नवम श्रीतिष्ठ्रम

দস্তানার পুনরাবির্ভাব।

বৈকালে হেমন্তের সঙ্গে আমি আবার সেই ভযাবছ ঘবেব ভিতরে গিয়ে ঢুকলুম। মতিবাবুর শ্যন-ঘর।

সারা বাড়ীটা ঠিক সমাধির মতন নীবব। লোকজন নিশ্চয়ই আছে, কিন্তু তারা সবাই যেন ভযে দমবন্ধ ক'বে একেবারে চুপ মেবে গৈছে।

মতিবাবুব শূন্ম শয়ার দিকে তাকিয়ে মনের ভিতবটা খচ্-খচ্ করতে লাগল। এই তো মান্তুষের জীবন। কত সাধে পাতে নরম বিছানা, কিন্তু শোবাব আগেই হঠাৎ বেজে ওঠে মহাকালেব ঘণ্টা ঢং, ঢং, ঢং।

খানিক পরেই মিঃ দত এসে হাজির।

হেমন্ত বললে, "আস্তন মিঃ দত্ত, নমস্বাব। আজও আর-একবার আপনাকে কন্ট দিলুম।"

- —"কফ ? কিছুমাত্র না। আপনাদের সাহায্য করতে আমি স্ববদাই প্রস্তুত। বলুন আমায় কি করতে হবে ?"
- —"ত্ৰ-চারটে কথা জানতে চাই। নতুন খ্নের কাহিনীটা জ্ঞানচেন তো গ"

- "সতীশবাব্র মুখে শুনলুম। এ কি ভীষণ ব্যাপার, ভয়ে আমার বুক বাপছে মশাই।"
 - —"বিনোদবাবু পলাতক।"
 - —"সব শুনেছি। বিশেষ সন্দেহজনক।"
 - —"কিন্তু খুনীকে আমি গ্রেপ্তার করবই।"
- —"না হেমন্তবাবু, বিনোদ যে এমন ভ্য়ানক কাজ করতে পারে এ আমার কিচুতেই বিশাস হয় না।"
- —"মাসুধ চেনা বভ ক⁵ ন মিঃ দত্ত, বডাই কঠিন। কিন্তু ছ-ছটো খুন ক'রে খনী পালিয়ে যাবে কোথায় ? আমার বিশাস সে এইখানেই আছে।"

আশ্চর্যা হয়ে মিঃ দত্ত বন্তেনন, "কোণায় ?"

- —"এই বাডাতেই। মি' দহ, এ বা ছাখানা যেমন মস্ত, তেমনি সেকেলে। এখানে আনাগোনা করছেন আপনি অনেক দিন। আপনি কি বলতে পাবেন, এ বাছার কোগান্ত কোন চোর-কুঠরী আহে কিনা ? সেচেলে বাছাতে প্রার চোর-কুঠরা থাকত।"
- —"আপনি কি মনে করেন বিনোদ এই বাডীতেই লুকিয়ে আছে ? তা কেমন ক'রে হবে গুনা মণাই, অামি কোন চোর-কুঠরীর সঙ্গান-টদান জানি না।"
 - —"মতিবাবুর মুখেও কোনদিন শোনেন নি ?"
 - —"না।"
- —"থাক্সা, আমাব কাছে ভালে ক'রে এই ব'টোটার বর্ণনা করতে পারেন ?"

—"তা নিশ্চয়ই পারি। এ বাড়ীর সবটাই আছে আমার ন্বৰদৰ্পৰে।"

তারশর প্রায় আধ-ঘণ্টা ধ'রে ছ'জনের মধ্যে চলল প্রশান্তরের ঘটা। শুনতে শুনতে বিরক্ত হয়ে উঠলুম। মনে. হ'ল সমস্তটাই যেন অর্থহীন। বিনোদ নিশ্চয়ই এ-বাড়ীর মধ্যে লুকিয়ে নেই—সে এমন কাঁচা ছেলে নয়। হেমস্তের ধারণা ভুল।

হঠাৎ একজন পাহারাওয়ালা এসে জানালে, ইন্স্পেক্টার-বাবুর কাছ থেকে একজন লোক হেমন্তবাবুকে ডাকতে এসেছে!

— "আমাকে ? আমাকে আবার কি দরকার—বল-গে যাও. আমি এখন ভারি ব্যস্ত। আচ্ছা থাক্, আমি নিজেই যাচ্ছি। এস তো রবীন, খবরটা কি শুনে আসি।"

আমরা নীচে নেমে গেলুম। কিন্তু নীচে গিয়ে কারুকেই দেখতে পেলুম না।

হেমন্ত বললে, "কে ডাকতে এসেছে ? গেল কোথায় ?"
মিনিট-ছয় অপেক্ষা ক'রেও কারুর দেখা পাওয়া গেল না।
হেমন্ত বিরক্ত সরে বললে, "চ্লোয় যাক্ ইন্স্পেক্টার-বাবুর
লোক! আমার এখন অনেক্র কাজ। চল, আবার ওপরেই
যাই।"

ঘরে ড়কে হেমন্ত আবার টেবিলের সামনে গিয়ে ব'সে পড়ল।

মিঃ দত্ত জিজ্ঞাসা করলেন, "কে এসেছিল ?"

- "কেউ না। কেবল মিছে সময় নই ছ'ল। হাঁ।, কি বলছিলেন? এ বাড়ীর সিঁড়ির তলায় চোর-কুঠরীর মন্ত একটা ঘর আছে, কিন্তু সে ঘরে কয়লা থাকে ?"
 - —"আজে ইগা"
 - —"তাহ'লে আপনার মতে বিনোদ এখানে নেই ?"
 - —"和 I"

মিনিট-পাঁচেক ধরে হেমন্ত গন্তীর মুখে ভাবতে লাগল। তারপর ঘরের বাইরে সি'ড়ির উপরে শুনলুম ভারি ভারি

তারপর ধরের বাহরে । শাড়র জপরে ভানলুম ভারে ভারে পায়ের শন্দ! দরজা ঠেলে ঘরের ভিতরে প্রবেশ করলেম হাসিমুখে সতাশবারু।

হেমন্ত বললে, "এই যে, আসন! বাগোর কি সতীশবাবৃ ? একমুখ হাসি যে ?"

মিঃ দত্ত আং গ্রহ-ভরে বললেন, "বিনোদের সোঁজ-টোজ প্রেছেন বুঝি ?"

—"না, পেয়েছি খালি এই জিনিধ-চুচো।" বলেই সতীশ-বাবু পকেট থেকে বার করণেন একজোড়া সাদা দস্তানা।

হেমন্ত দস্তানা-নেটো সতীপবাব্র হাত থেকে নিয়ে পরীক্ষা করতে করতে বনলে, "হাঁ। এর একটা দস্তানা গ্রামি যে চিনি! রক্তের দাগ আর নেই বটে, কিন্তু কাঁচ দিয়ে কাটা অংশটা এখনো তেমনিই আহে!"

মিঃ দত উত্তেজিত সরে বললেন, "তাই নাকি ? কই দেখি—দেখি!"

-- "এই নিদ !"

মিঃ দত্ত দস্তামা নেবার জয়ে ছটো হাতই ব্যক্রভাবে বাড়িয়ে দিলেন—সঙ্গে সঙ্গে হেমন্ত দস্তামা ফেলে নিজের ত্-হাতে তাঁর হাত-ত্থানা জোরে চেপে ধরলে এবং পর-মুক্তিই সতীক্ষ্ণবাৰু টপ্ ক'রে তাঁর জোড়া-হাতে পরিয়ে দিলেন হাতকড়ি।

বিশ্বরে ক্রোধে অভিভূত হয়ে মিঃ দত্ত কয়েক মুহত একটাও কথা কইতে পারলেন না। তারপর চীংকার করে বননেন, "হেমন্তবারু, সতীশবারু! এ-সব কি প্রহসন ?"

হেমন্ত বললে, "প্রহসন নয় হরিহর, বিয়োগান্ত নাটকের শেষ দৃশ্য!"

—"হরিহর! কে হরিহর ?"

—"তুমি হরিও হ'তে পারো, হরও হ'তে পারো, দতও হ'তে পারো। কোন্টা তোমার আসল নাম কেউ জানে না।"

সতীশবাদ কঠোর স্বরে বললেন. "মি দত্ত, মতিবাবকে খুন আর আশা হাজার টাকা চুরির অপবাধে আমি আপনাকে গ্রেপ্তার করলুম।"

—"কোন্ প্রমাণে ?"

হেমন্ত বললে, "দত্ত, প্রমাণ কি একটা আছে? আজও দুমি
মতিবাবুর টানা থেকে মতিবাবুরই চাবি দিয়ে যে চল্লিশ হাজার
টাকার হীরে-মুক্তে। পান্না-চুনী চুরি করেছ, সে-বিধয়ে আমার
কিছ্মাত্র সন্দেহ নেই। সতীশবাবু, দত্তের জামা-কাপড় খুঁজে
দেখন তো!"

মিঃ দত্ত বাধা দেবার চেটা করলেন, কিন্তু সতীশবার তাঁকে ধ'রে একবার ঝাঁকানি দিতেই তিনি ঠাণ্ডা হয়ে মেলেন। তার পকেটের ভিতর থেকে সত্যসতাই চোরাই মাল ও মতি-বীবুর চাবির গোছা বেরিয়ে পড়ল।

হেমন্ত বললে, "দত্ত, এখন তুমি অপরাধ স্বীকার করবে ?" মিঃ দত্ত স্তব্ধ হয়ে রইলেন।

হেমন্ত বললে, "আছা, তবে আমার মুখ থেকেই ছুমি নিজের কাহিনী গোনো। তোমাকে তো সেদিনও বলেছি দত্ত, এখনকার বৈজ্ঞানিক-পুলিসকে অপরাধীর স্বীকার-উক্তির উপরে নির্ভর করতে হয় না। ভুমি পাধরের মত বোবা হয়ে থাকলেও ফাসিকাঠ তোমাকে ক্ষমা করবে না!"



দশম পরিচেচ্চ হেমন্তের কথা

সতীশবাবু, আমি সংক্ষেপেই সব বলব। যবনিকা পতনের সময় বেশী বাক্যব্যয় ভালো নয়।

বিনোদের উপরে আমার একবারও সন্দেহ হয় নি—সে মাতাল ও জুয়াড়ি জেনেও। প্রথমত, মদ খাওয়া, জুয়াখেলা আর খুন করা এককথা নয়। দিতীয়ত, এটা ভালো ক'রেই জানা গিয়েছে যে, খুনের সময় সে বাড়ীতে ছিল না। সে যে সতাসতাই রাত বারোটা পর্যান্ত থিয়েটারে ছিল এবং তারপরে রাত প্রায় দেড়টা পর্যান্ত ছিল হোটেলে, এর প্রমাণ আমি নিজে গিয়েই সংগ্রহ করেছি। হোটেল থেকে সে ফিরে এসেছিল প্রচণ্ড মাতাল হয়ে। সে এমন বেহুঁস হয়েছিল যে, খেতে গিয়ে জামা-কাপড়ে ঢেলেছিল মাংসের ঝোল আর জামা-কাপড়ের নানা জায়গা পুড়িয়ে ফেলেছিল সিগারেটের আগুনে। এমন চৈত্যভীন মত্ত অবস্থায় কেউ এ-ভাবে এত চালাকি খেলিয়ে চুপিচুপি খুন করতে পারে না। সতীশবাবু, কেবল এই একটিমাত্র কারণে বিনোদের উপরে সন্দেহ করা আপনাদের উচিত হয়নি। বেহুঁস মাতাল যে খুন করতে পারে

না, এ-কথা আমি বল্ছি না। আমার মনে হচ্ছে, থুব-বেশী মাতাল এত গোপনে থুন ক'রে স'রে পড়তে পারে না।

তবু যে সোলিয়ে গেছে, তার একমাত্র কারণ হচ্ছে,
পুলিস তাকে গ্রেপ্তার করতে চায়, কোনগতিকে এটা সে
জানতে পেরেছিল, এবং পালাবার আগে সে ষে কারেকি থেকে
রাহাখরচের জন্যে নিজের কিছু টাকা ভাঙিয়ে নিয়ে গিয়েছিল,
এটা আমরা অনায়াসেই অনুমান করতে পারি।

আপনারা সন্দেহ করেছিলেন, হত্যাকারী হ'ছে বাড়ীর লোক। কারণ বাড়ীর সব দরজা ছিল ভিতর থেকে বন্ধ। এবং কুকুরটা চেনা লোক দেখেই চ্যাঁচায় নি। কিন্তু, কাদানাখা পদচ্ছি ও অচেনা রবারের জুতোর অস্তির দেখেই আমি বুঝেছিলুম, খুনীরা এসেছে র্টির পরে, রাস্তা থেকেই। আমি মনে মনে খুনের রাতের ঘটনাগুলো সাজিয়েছিলুম এই ভাবে। (অবশ্য এটা জানবেন যে সমস্ত প্রটটা একদিনে একসঙ্গে হঠাৎ আমার মনের ভিতরে সম্পূর্ণ হয়ে ওঠে নি। কোন ঘটনা-সূত্র পেয়েছি আগে, আবার গোড়ার দিককার কোন সূত্র পেয়েছি শেষের দিকেই।)

ধরুন, রাম আর শ্যাম মতিবাবুকে খুন করবে। রাত সাড়ে-দশটার সময় মতিবাবুর বাড়ীতে ঢোকবার দরজা বরু হয়, খুনীরা সে খবর রাখে। রাত ন'টার সময় রৃষ্টি থামল। রাম ও শ্যাম ঘটনাস্থলে প্রবেশ করলে। রামের সঙ্গে মতি-বাবুর চেনাশোনা ছিল। মতিবাবু তথনো শোবার ঘরের দরজা বন্ধ করেন নি, পরিচিত লোক ব'লে রাম বিনা আহবানেই ভিতরে গিয়ে ঢোকে। কুকুরটাও রামকে বিলক্ষণ চিনত, তাই গোলমাল করেনি। আর রামের সঙ্গে গিয়েছিল ব'লে শামকে দেখেও চাঁচায় নি। শাম নিশ্চয় দরজার বাইরে এক-আধ মিনিট অপেক্ষা করেছিল, কারণ তার জুতোর স্পাই ছাপ আমরা পেয়েছি। চলন্ত লোকের পায়ের ছাপ আর দণ্ডায়মান লোকের পায়ের ছাপ একরকম হয় না, এটা সকলেই জানে। পরে রামের আহ্বানে শামও তাকে সাহায্য করবার জন্মে ঘরের ভিতরে যায়। কাজ শেষ ক'রে ছজনেই রাস্তায় বেরিয়ে পড়ে। রাত সাড়ে-দশটার সময়ে দারবান রাস্তার দরজা ভিতর থেকে বন্ধ ক'রে দেয়। কাজেই বাইরের দরজা ভিতর থেকে বন্ধ থাকা খুবই স্বাভাবিক।

রাম হচ্ছে মতিবাবুর বন্ধু, সে তাঁর সব অভ্যাসের কথা জানে। ডায়ারির ভিতরে মতিবাবুর কোন কোন গুপুকথা আছে এটাও হয়তো তার অজানা ছিল না। খুনের রাতে হয়তো কোন কারণে ভয় পেয়ে বা সময় অভাবে সে ডায়ারি পড়বার স্থযোগ পায়নি। কিন্তু পরে যথাসময়ে কাজে লাগাতে পারবে বুঝে ডায়ারি আর চাবির গোছা নিয়ে পালায়। সে এ বাড়ীর বন্ধু, খুনের পরেও এখানে তার প্রবেশ বন্ধ হবার ভয় নেই। খুব সম্ভব, রাম হাওনোটে মতিবাবুর কাছ থেকে বারে বারে টাকা ধার করেছিল, তাই যাবার সময়ে নির্বিকারে সব হাওনোটও সঙ্গে নিয়ে পালায়।

ঘটনাস্থলে এনে মতিবাবুর মৃতদেহ দেখে আমি অবাক্ ছ'রে বাই। লাসের গলায় ঐ নীলদাগটা কিসের ? আঙুলের চাপে টিক ও-রকম কালশিরা পড়ে না। তারপর লাসের পিঠের তলায় ঐ ভাঙ, কাঁচের টুক্রো থাকার মানে কি ? ধ্বস্তাধ্বস্তি হ'ল বিছানায়, কুঁজোর মুখ থেকে গেলাস কেন এখানে এল, কেনই বা ভাঙল, কেনই বা একজন গুনীর ছাত কাট্ল ?

আমার মন বললে, একজন গুনী গেলাসে কোন বিষাক্ত পদার্থ ঢেলে মতিবাবুর কাছে আসে। আর একজন তাকে চেপে নরে। মতিবাবুকে গেলাসের বিষ শাওয়ানোর চেন্টা হয়— তিনি ধ্বস্থাধ্বস্তি করতে করতে বিছানা থেকে নেমে পড়েন এবং সেই মুহুর্তেই গেলাসের বিষ তার গলায় ঢেলে দেওয়া হয়। সে বিষ এমন ভয়নক যে মতিবাবু চ্যাচাবারও সময় পাননি—কিন্তু তার ধ্বস্থাধ্বস্তির ঢোটে খুনার হাতের গেলাস ভেঙে ও খুনীর হাত কেটে যায়। তারপর ভাঙা কাঁচের উপরে গিয়ে পড়ে মতিবাবুর দেহ। সব ব্যাপার ঘটে হ্-এক সেকেণ্ডের মধ্যে।

বিষ যদি ব্যবহৃত হয়ে থান্ডে, তবে নিশ্চয়ই মতিবাবুকে গলা টিপে মারা হয় নি। কিন্তু ডাক্রাররা শবদেহে বিধের কোন অস্তির পাননি। তবু আমার সন্দেহ গেল না। কারণ ঐ ভাঙা গেলাস! ওটা না থাকলে আমি ডাক্রারদের কথাই বিশাস করতুম। কিন্তু গেলাস যখন পাওয়া গেছে, মতিবাবুকে নিশ্চয়ই কিছু খাওয়ানো হয়েছে। সেটা কি হ'তে পারে? হয়তো এমন কোন নতুন বিষ, ডাক্রাররা যার নাম জানেন না। আপনারা কেউ লক্ষ্য করেননি, কিন্তু দত্তকে প্রথম দিন দেখেই আমি লক্ষ্য করেছিলুম, তার ডানহাতের একটা আঙু লের ওপরে 'ফ্লেস-কলারে'র 'প্ল্যাফার' লাগানো আছে। গোয়েন্দার প্রথম কর্ত্তব্য,সকলকে সন্দেহ করা। খুনীর হাত বা আঙু ল কেটেছে তার প্রমাণ রয়েছে, দত্তেরও আঙু ল কাটা। দত্ত হচ্ছে মতিবাবুর বন্ধু। তার এ-বাড়ীতে অবাধ গতি। এবং সে হচ্ছে রাসায়নিক, তার পক্ষে কোন অজানা বিষের অস্তিত্ব জানা অসম্ভব নয়। এ সন্দেহগুলোও আমার মাথায় চুকেছিল। কিন্তু সন্দেহ মাত্র।

ঘটনাস্থলে প্রাপ্ত ঐ দস্তানার রহস্য নিয়েও অনেক ভেবে-ছিলুম। কারণ ও-রকম পুরু পশমী দস্তানা কেউ হাতে পরে না, বিশেষ বাংলাদেশে। তবে প্রথমে কোনই সত্তর পাইনি।

ুপরে ব্বোছি ঐ দস্তানাটা ছিল হরিহরের—অর্থাৎ দত্তের সঙ্গীর হাতেই। সেইই দস্তানা-পরা-হাতে কাঁচের গেলাসটা ধরেছিল আর কাঁচের গেলাসটা তাকে দিয়েছিল দত্তই। সেই সময়েই গেলাসের গারে দত্তের আঙ্জলের ছাপ পড়ে। কিংবা গেলাসটা ভাঙবার পর দত্ত তার উপরে হাত দিয়েছিল।

কিন্তু রক্তমাখা দস্তানাটা কেন আমি নিয়ে যেতে চাই, সেটা জানবার জন্মে দত্ত আগ্রহ প্রকাশ করেছিল। তারপর সে চ'লে যায় ও পথে আমরা আক্রান্ত হই। পাহারাওয়ালার কাছ থেকেও ভাঙা গেলাসটা কেড়ে নেবার চেন্টা হয়। আমার কাছে দস্তানা আর পাহারাওয়ালার কাছে ভাঙা গেলাস আছে, এ-কথা বাইরের লোকের মধ্যে কেবল দক্তই জানত। সেজন্মেও তাকে আমি সন্দেহ করি। কিন্তু কেবল সন্দেহ ক'রে তো লাভ নেই, আগে দরকার প্রমাণ।

সতীশবাবু, আমি যে তু-একটি বিষয় প্রথমে আপনার কাছে লুক্ষিয়েছিলুম, পরে আজই সকালে আপনার কাছে প্রকাশ করেছি। ঘটনাস্থলের কর্দ্দম চূর্ণ পরীক্ষা করবার পর তার মধ্যে আমি কাদার সঙ্গে পেয়েছিলুম চৃণ, স্থর্কি, বালি ও কয়লার গুঁড়ো। যেদিন আমরা দত্তের বাড়ীতে চা খেতে যাই, সেদিন দেখলুম, সরু গলির মধ্যে তৈরি হচ্ছে একখানা মতুন বাড়ী। লক্ষ্য করলুম, তার পাশেই রয়েছে একটা কয়লার দোকান। গলির সেখানটায় মাটির সঙ্গে চুণ, বালি, স্থরকি ও কয়লার ওঁড়ো ছডানো। তার ছু-তিনখানা বাড়ীর পরেই দত্তের বাড়ী। স্ততরাং এখানকার মাটি মাড়িয়ে তাকে রোজই আনাগোনা করতে হয়। বৃষ্টিতে পথে কাদা হ'লে এখানকার কাদার চাপ যে তার জুতোর গোডালি আর সোলের ফাঁকে লেগে থাকবে, এটা বেশ সহজেই বোঝা যায়। ঐ নতুন বাড়ী ও কয়লার দোকানই দত্তের প্রতি বিশেষভাবে আমার দৃষ্টি আকৃষ্ট করে।

দত্তের বাড়ী থেকে কেরবার পথে আমি সকলের অগোচরে সেই নতুন বাড়ীর সামনের পথ থেকে এক মুঠো গৃলো তুলে নিয়ে গিয়েছিলুম। পরে পরীক্ষা ক'রে দেখেছিলুম, আগেকার কর্দ্দম-চূর্ণ আর এই একমুঠো গ্লোর উপাদানে কোন প্রভেদই নেই। মতিবাবুকে যে খুন করেছে, ঐ নতুন বাড়ীর সামনেকার মাটি মাড়িয়েই তাকে যেতে হয়েছে। তারপর দত্তের রসায়নাগার দেখে আমার সন্দেহ আরো বেড়ে উঠল। সেখানে আবিন্ধার করলুম, দ্রবীভূত বাতাস। আমিও রসায়ন-শাস্ত্র পড়েছি, রাসায়নিক পদার্থ নিয়ে নাড়াচাড। করেছি, কিন্তু সেদিন দত্তের সামনে ক্যাকা সেজেছিলুম, তারি কাছ থেকে কথা আদায় করবার জত্যে।

ধা ক'রে আমার মাথায় একটা ভীষণ সত্যের ইঙ্গিত জাগল। দ্রবাভূত বাতাসকেই দত্ত বিষের মত ব্যবহার করেছে। সতীশবারু, আপনি হয়তো জানেন না, এই দ্রবীভূত বাতাসকে রামাযনিকরা নানা নির্দোষ কাজে লাগান বটে, কিন্তু এ-জিনিম মানুষের মুখের ভিতরে ঢেলে দিলে তথনি তার মৃত্যু হবে, অথচ নতদেহে তার কোন চিক্রই পাওবা যাবে না। কি মারাহক থদি-চাত্রা। ভাগ্যে দ্রবীভূত বাতাস হচ্চে অত্যন্ত দর্ম ভ কিনিষ—সাধারণ হত্যাকারীর নাগালের বাইরে। নইলে দ্রবীভূত বাতাস মানুষের সমাজে বিষম বিভীষিকা স্থিষ্টি করতে পারত।

দ্রবীভূত বাতাস এমন ভয়ানক ঠাণ্ডা যে, পরীক্ষাগারে ভাতে পুরু দস্তানা না পরলে কাচের পাতে তাকে নিয়ে ব্যবহার করা অসম্ভব! এই জন্মেই হত্যাকারী হাতে দস্তানা প'রে কাঁচের গেলাসে দ্রবীভূত বাতাস চেলে মতিবার্কে তা পান করতে বাধ্য করেছিল।

তারপর হরিহরের অস্তিঃ আবিষ্কার। সতীশবাবু আমাকে যে ছবি দিয়েছিলেন তাতে হরিহরের মুখে দাড়ী-গোঁফ নেই, কিন্তু দত্তের মুখে আছে গোঁক আর ফ্রেঞ্চ-কাট্ দাড়ী। দত্তের বয়স এখন চল্লিশের ওপারে, তার মুখেরও কিছু-কিছু পরিবর্তন হয়েছে বটে, কিন্তু হরিহরের মুখের সঙ্গে দত্তের মুখের কিছু-কিছু সাদৃশ্য আমি পেয়েছিলুম। আমি কিছু-কিছু ছবি আঁকতেও জানি। হরিহরের চোখ নাক ঠোঁট অনেকটা দত্তের মতই। তাই কোতৃহলের বশবর্ত্তী হয়ে হরিহরের ছবির মুখে বসিয়ে দিলুম দত্তের মত গোঁক আর ফ্রেঞ্চ-কাট্ দাড়ী! কল হ'ল বিস্ময়কর! বুঝেছ রবীন, সতীশবারু সেই ছবি দেখে সেখানাকে প্রথমে দত্তের ছবি ব'লেই ধ'রে নিয়েছিলেন! তারপর আমাদের জানতে বাকি রইল না, আমাদের দত্ত-মশাই—থুড়ে, মিঃ দত্ত

'লিক্উইড্ এয়ার' দিয়ে দত তার পাপ-কাজের সফীকেও পাঠিয়ে দিয়েছে যমের বাড়ী। কি ক'রে তাকে মারা হয়েছে এখনো তা প্রকাশ পায়নি বটে, তবে হত্যাকারী যে দত তাতে আর সন্দেহ নেই! দ্বীভূত বাভাসের এমন ভয়াবহ ব্যবহার পৃথিবীর আর কোন অপরাধীই বোগহয় জানে না। দত তাকে মেরেছে কেন ? একজন সাক্ষা বা অংশীদার বা পথের কাঁটা সরাবার জন্মেই!

দত্ত জানত, আমি রসায়ন শান্ত্র নিয়ে অন্ন-বিস্তর নাড়াচাড়া করি। তার ভয় হয়েছিল এ-রকম অসাধারণ দস্তানা দেখে আমার মনে দ্রবীভূত বাতাস সম্বন্ধে কোন ইন্সিত জাগা হয়তে। অসম্ভব নয়। অপরাধীর মন কিনা! তাই উপর-চালাকি করতে গিয়ে দস্তানা কেড়ে নিয়ে আমার হাতে সমর্পণ করতে বাধ্য হয় মজিবাবুর ডায়ারিখানা!

আর একটু বাকি আছে। দতকে হাতে-নাতে ধরবার জন্যে আজ আমি এখানে ফাঁদ পেতেছিলুম। খুনীর পকেট থেকে ডায়ারি হস্তগত ক'রেই আমি বুঝেছিলুম; খুনী যখন মতিবাবুর চাবি নিয়ে গেছে, তখন টেবিলের গুপুস্থান থেকে চল্লিশ হাজার টাকার হীরে-মুক্তো চুরি করার প্রথম স্থযোগ সে কখনোই ছাড়বে না। দত্তের আবির্ভাবের আগেই আমি টেবিলের ডান-দিকের টানার ফাঁকে এমন ভাবে একটা আল্পিন ঢুকিয়ে রেখেছিলুম যে, কেউ টানা খুললেই আল্পিনটা স'রে প'ড়ে যাবে!

তারপর দত্ত এল। পাহারাওয়ালাকে শেখানো ছিল, সে একটা বাজে কথা ব'লে আমাদের বাইরে ডেকে নিয়ে গেল। দত্ত রইল ঘরে একা। মিনিট-কয় পরে আমরা কিরে এলুম। টেবিলের কাছে গিয়ে দেখি, টানার ফাঁকে আল্পিন নেই! তখনি বোঝা গেল, দত্ত স্থযোগের অপব্যবহার করেনি!

এদিকে দত্ত যখন এখানে ব'সে আমার সঙ্গে কথা কইছে, সতীশবাবু তখন গিয়েছেন দত্তের রসায়নাগার ও বাড়ী খানা-তল্লাস করতে। তারই ফলে আবিষ্কৃত হয়েছে দন্তানা-জোড়া! ঐ দস্তানাও এই মামলায় এক বড় সাক্ষীর কাজ করবে।

দত্ত, এখনো কি তুমি অপরাধ স্বীকার করবে না ? দেখছ তো, তোমার প্রতি পদক্ষেপের হিসাব্রয়েছে আমার কাছে! খা তরিক্ত চালাকের মতন তুমি খুনের জতে এমন একটা দিন
নির্বাচন করেছিলে, যেদিন হয়েছিল মতিবাবুর সঙ্গে বিনোদের
কাগড়া। তারপরে আমাদের ভিতরের খবর জানবার আর
বিনোদের উপরে দোষ চাপাবার জতে তুমি সেজেছিলে
পুলিসের সাহায্যকারী বন্ধু! তুমি হ'চছ গভীর জলের মাছ!
অসাধারণ মস্তিক্ষচালনা করেছিলে বটে, কিন্তু পাপীর সমস্ত
চাতুয়াই মিথা। ভগবান ঘুমিয়ে থাকেন না।

এত সেয়ানা হয়েও দত্ত ধরা পড়ল প্রধান তিনটে কারণে।
প্রথমত, সেই তুচ্চ চুণ-বালি-স্থরকি-কয়লার ওঁড়ো। দিতীয়ত,
ভাঙা কাঁচের উপরে তার আঙুলের ছাপ। তৃতীয়ত, উপরচালাকি ক'রে সে ধনি অধমাকে চায়ের নিমন্ত্রণ না করত, তাহলে
আমিও ঐ দ্রবীভূত বাতামের গভাবিত ও বিশ্বয়কর বাবহারটা
আন্দাকে কল্লনা করতে পারত্বম না। বলতে কি, দ্রবীভূত
বাতাসের কথা একবারও আমি ভাবিনি। কিন্তু দত্তের
রসায়নাগারে ঐ তুর্ত জিনিবটিকে দেখেই আমার মনের
ভিতরে জেগেছিল একটা আণ্চনা সংক্তঃ!

সতীশবাবু, এখনো কি আপনি বিনোদকে গ্রেপ্তার করতে চান ? কিন্তু আর সে আগনাকে ভয় করবে না, চাদন পরেই দোকার তার দেখা পাবেন। খনরের কাগজে হত্যাকারীর ক্রেপ্তারের বিবরণ বেকলেই বিনোদ আর অজ্ঞাতবাস করতে রাজি হবে না।

আমার দৃঢ় বিশ্বাস, বিনোদ এবারে ভালো ছেলে হবে।

সতীশবাবু, আর একটা কথা। যুরোপে এখন বিজ্ঞান-জান। খুমী, চোর বা অপরাধীর দল রীতিমত ভারি। ভারতবয়ে: সোভাগ্য ষে, এদেশের অপরাধীরা এখনো পাপ-কাজে বিজ্ঞানের সাহায্য নিতে শেখেনি। অবশ্য এটা সকলেই জানে ুষে, বিখ্যাত পাকুড় খুনের মামলায় প্রকাশ পেয়েছে, অপরাধীরা হত্যাকার্য্যে প্লেগের জীবাণু ব্যবহার ক'রে অভাবিত চিন্তাশক্তির পরিচয় দিয়েছে! কিন্তু এ-শ্রেণীর শিক্ষিত অপরাধী এখানে হুল্ভ। নইলে এ-দেশী পুলিসকে সাত হাত জলের তলায় প'ড়ে অন্ধকার হাত্তে হাবুড়ুবু খেতে হ'ত। তবু আমার মত হচ্ছে, এদেশেরও পুলিসের উচিত, বিজ্ঞান সম্বন্ধে অন্তত প্রাথমিক শিক্ষা গ্রহণ করা? কেননা অদূর-ভবিষ্যতে ভারতবর্ষেও বৈজ্ঞানিক-অপরাধীর দল ভারি হওয়ার সম্ভাবনা আছে यः थेम्टे है ।

এস রবীন, শ্রীমান দত্তের সামনে পরলোকের দরজা খুলে
দিয়ে এখন আমরা সসম্মানে প্রস্তান করি। নমস্বার, সতীশবাবু!
দত্ত, কিছু মনে কোরে না। তোমাকে আর নমস্বার করবার
ইচছা হচ্ছে না!